নজরুল রচিত লোক সুরের গান

তত্ত্বাবধায়ক

ড. মৃদুলকান্তি চক্রবর্তী

অধ্যাপক

নাট্যকলা ও সংগীত বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়

Dhaka University Library

449660

449660

ঢাকা
বিশ্ব... য়
গ্রন্থাগার

এম.ফিল গবেষক

আহমাদ মায়া আখতারী

শিক্ষাবর্ষ ২০০২-২০০৩

রেজিস্ট্রেশন নম্বর - ২৭

নাট্যকলা ও সংগীত বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়

Dhaka University Institutional Repository

অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, 'নজরুল রচিত লোক সুরের গান' এই অভিসন্দর্ভ পত্রে আমার জানামতে পূর্বে কোন গবেষক এ গবেষণা কাজটি করেন নাই। আন্তর্জাতিক কোন পত্র-পত্রিকাতে আমি এই অভিসন্দর্ভ পত্রের কিয়দংশও প্রকাশ করি নাই।

(আহমাদ মায়া আখতারী)
এম. ফিল. গবেষক
নাট্যকলা ও সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

449660

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

(ড. মৃদুলকান্তি চক্রবর্তী)
অধ্যাপক ও তত্ত্বাবধায়ক
নাট্যকলা ও সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা

ডক্টর মৃদুলকান্তি চক্রবর্তী
অধ্যাপক
নাট্যকলা ও সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

Dhaka University Institutional Repository

প্রত্যয়ন পত্র

আমি নিম্ন স্বাক্ষরকারী, এই মর্মে প্রত্যয়ন করছি যে, 'নজরুল রচিত লোক সুরের গান' শীর্ষক অভিসন্দর্ভটি আমার নিজ হস্তে সম্পন্ন করেছি।

এটি আংশিক অথবা পূর্ণাঙ্গভাবে কোথাও প্রকাশিত হয়নি কিংবা প্রকাশের জন্য গৃহীত হয়নি।

449660

ডক্টর মৃদুলকান্তি চক্রবর্তী
অধ্যাপক
নাট্যকলা ও সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

(আহমাদ মায়া আখতারী)
এম. ফিল. গবেষক
নাট্যকলা ও সংগীত বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা

ঢাকা
বিশ্ব... লয়
গ্র...

Dhaka University Institutional Repository

সূচি

ভূমিকা [১]

প্রথম অধ্যায় :

নজরুল রচিত লোক সুরের গান [৩-৬]

দ্বিতীয় অধ্যায় :

নজরুল রচিত লোক সংগীতের উৎস ও পটভূমি [৭-১১]

তৃতীয় অধ্যায় :

নজরুল রচিত লোক সংগীতের বিভিন্ন ধারা পর্যালোচনা [১২-৪৮]

ক. লেটো গান

খ. ঝুমুর

গ. বাউল

ঘ. ভাওয়াইয়া

ঙ. ঝাপান বা বেদে-বেদেনীর গান

চ. কাজরী

ছ. কীর্তন

জ. হোরি

ঝ. ছাদ পেটানো গান

ঙ. চৈতি

চ. গ্রাম্য সুরের গান

449660

ঢাকা
বিশ্ব...
গ্র...

Dhaka University Institutional Repository

চতুর্থ অধ্যায় :

নজরুল রচিত লোক সংগীতের সুর ও বাণীবৈচিত্র্য এবং সুরের স্বাতন্ত্র্য [৪৯-৫৮]

পঞ্চম অধ্যায় :

বাংলা সংগীতে নজরুলের লোক সুরের অবদান [৫৯-৬০]

ষষ্ঠ অধ্যায় :

নজরুল ইন্সটিটিউট সংগৃহীত নজরুল রচিত লোক সংগীতের আদি গ্রামোফোন রেকর্ডের তালিকা [৬১-৬৮]

সপ্তম অধ্যায় :

রশিদুন্ নবী সম্পাদিত নজরুল-সঙ্গীত সমগ্র গ্রন্থে উল্লেখিত লেটোগানের তালিকা [৬৯-৯৯]

অষ্টম অধ্যায় :

449660

আবদুল আজীজ-আল-আমান সম্পাদিত 'নজরুলগীতি – অখণ্ড' গ্রন্থে লোকগীতি পর্যায়ের গানের তালিকা [১০০-১১০]

নবম অধ্যায় :

নজরুল ইন্সটিটিউট কর্তৃক প্রকাশিত নজরুলের লোক সংগীতের স্বরলিপি [১১১-২৭৩]

১. আকাশে হেলান দিয়ে

২. আমি কূল ছেড়ে

৩. আর্শিতে তোর নিজের রূপই

৪. উপল নূড়ির কাঁকন চুড়ি

৫. নদীর এ কূল ভাঙ্গে ও কূল গড়ে

৬. এস ঠাকুর মহুয়া বনে ছেড়ে

৭. ও কূল ভাঙ্গা নদীরে

৮. ওরে গো-রাখা রাখাল

৯. ওরে রাখাল ছেলে বল

Dhaka University Institutional Repository

১০. কত নিদ্রা যাওরে কন্যা

১১. কালা এত ভালো কি হে

১২. কুনুর নদীর ধারে

১৩. কুচ বরণ কন্যা রে তার

১৪. কে দিল খোঁপাতে

১৫. গেরুয়া রং মেঠো পথে

১৬. গগনে পবনে আজি ছড়িয়ে গেছে রং

১৭. চাঁপা রঙের শাড়ি আমার

১৮. চোখ গেল

১৯. ঝুম ঝুম ঝুমরা নাচ নেচে

২০. ঝুমুর নাচে ডুমুর গাছে

২১. তোমার আসার আশায়

২২. তোমার কূলে তু'লে বন্ধু

২৩. তোর রূপে সই গাহন করে

২৪. নাচের নেশার ঘোর লেগেছে

২৫. নিশি পবন! নিশি পবন ফুলের

২৬. পদ্মার ঢেউ রে!

২৭. বন বিহঙ্গ! যাওরে উড়ে

২৮. বনের হরিণ আয়রে

২৯. বাঁশী বাজায় কে কদম তলায়

৩০. মহুল গাছে ফুল ফুটেছে

৩১. মেঘ বরণ কন্যা থাকে

৩২. মেঘলা নিশি ভোরে

৩৩. সাপুড়িয়ারে বাজা বাজা

৩৪. সোনার বরণ কন্যা গো

৩৫. হলুদ গাঁদার ফুল রাঙা

৩৬. ওরে নীল যমুনার জল

Dhaka University Institutional Repository

দশম অধ্যায় :

নজরুলের লোক সংগীত পরিবেশন শিল্পীর সাক্ষাৎকার [২৭৩-২৮৬]

নজরুলের গানের পাণ্ডুলিপি [২৮৭-২৯১]

পরিশিষ্ট [২৯২]

সহায়ক গ্রন্থপঞ্জি [২৯৩-২৯৪]

Dhaka University Institutional Repository

Dhaka University Institutional Repository

ভূমিকা

সংগীতাকাশে নজরুল একটা উজ্জ্বল নক্ষত্র। বাংলা গানের প্রতিটি পর্যায়েই ছিল তার অবাধ বিচরণ। রাঢ় বাংলার লেটো গান থেকে শুরু করে স্বদেশ, ইসলামী, গজল, ভজন, রাগাশ্রয়ী, লোকাঙ্গিক ইত্যাদি সব ক্ষেত্রেই ছিল তাঁর সৃজনশীল প্রতিভার সাক্ষর অর্থাৎ নজরুল-সংগীত হচ্ছে বাংলা গানের 'অনু বিশ্ব'। বাংলা সংগীতের ক্ষেত্রে তিনি এক অসাধারণ ব্যক্তিত্ব। তাঁর সমস্ত সংগীতের প্রধান দুটো ধারা হচ্ছে রাগ সংগীতে ধারা এবং লোক সুরের ধারা। লোক সংগীত হচ্ছে মানুষের আত্মার গান, মাটির গান, শিকড়ের গান, নদীর গান, প্রকৃতির গান। এর ইতিহাস অতি প্রাচীন। রাঢ় বাংলায় সাঁওতাল অঞ্চলের খুব কাছেই নজরুলের জন্ম। তাই খুব ছোট বেলা থেকেই গ্রাম বাংলার সংস্কৃতি, আচার তাঁর রক্তে মিশে গিয়েছিল। সেখানকার সাঁওতালদের জীবন-যাত্রা, পালা-পার্বন, উৎসব অর্থাৎ তাদের ট্রাডিশনাল বা ঐতিহ্যবাহী গান ঝুমুর কবিমনে বিশেষ প্রভাব ফেলেছিল। বর্ধমান জেলাতেও লোকগানের খুব প্রচলন ছিল। প্রচলিত লেটোগানের মাধ্যমেই কবির সংগীত জীবনের শুরু অর্থাৎ শুরুটা হয়েছিল তাঁর লোক সংগীতের আঙ্গিকেই। পরবর্তীতে কবি মানসে বাংলাদেশের প্রকৃতি, নদী-নালা, মাঝি-মাল্লার গান ইত্যাদি কবিকে আলোড়িত করেছিল। সৃজনশীল সংগীত প্রতিভার শেষ দিকে তাই লোক ঐতিহ্যভিত্তিক সংগীত সৃষ্টির নৈপুণ্যে তিনি মেতে উঠেন। লোক সংগীত ধারার প্রায় সমগ্র ক্ষেত্রেই তিনি বিচরণ করেছেন – সৃষ্টি করেছেন প্রাণস্পর্শী বাউল, ভাটিয়ালি, সারি, ভাওয়াইয়া, কীর্তন, কাজরী, চৈতি প্রভৃতি অঙ্গের গান। পশ্চিম বঙ্গের ঝুমুর গান আর পূর্ব বঙ্গের ভাটিয়ালি-ভাওয়াইয়া গানকে তিনি তাঁর সংগীতের ঝুলিতে পাশাপাশি স্থান দিয়ে বাংলার পূর্বপ্রান্তদেশ ও পশ্চিম প্রান্তকে একসূত্রে গেঁথেছেন। তাঁর বিশাল সংগীত ভাণ্ডারে লোক সুরের আঙ্গিকে রচিত গানের সংখ্যা তুলনায় কম হলেও তা আপন আদর্শে, আপন বৈশিষ্ট্যে সমৃদ্ধ, সমুজ্জ্বল। নজরুল সংগীতের এই লোক সুরের গানগুলো আমাকেও ভীষণভাবে নাড়া দেয়। এ বিষয়ে বিশেষ কিছু ক্ষেত্রে অত্যন্ত সীমিত পরিসরে গবেষণা হয়েছে। আমি নজরুলের লোক সংগীতের অঙ্গণে কিছুটা প্রবেশ করতে চেয়েছি আমার এই গবেষণার মাধ্যমে।

এই গবেষণা পত্রে দশটি অধ্যায়ে নজরুল রচিত লোক সুরের গান, উৎস পটভূমি, গানের বিভিন্ন ধারা পর্যালোচনা (লেটো, ঝুমুর, বাউল, ভাওয়াইয়া, ভাটিয়ালি, ঝাপান, কাজরী, কীর্তন, ছাদ পেটানো গান, হোলী, চৈতি) নজরুল রচিত লোক সংগীতের সুর ও বাণী বৈশিষ্ট্য বৈচিত্র্য এবং সুরের স্বাতন্ত্র,

Dhaka University Institutional Repository

বাংলা সংগীতে নজরুলের লোক সংগীতের অবদান, গানের তালিকা, নজরুল ইন্সটিটিউট কর্তৃক লোক সংগীতের আদি গ্রামোফোন রেকর্ডের তালিকা, বিশিষ্ট নজরুল সংগীত শিল্পীর সাক্ষাৎকার ও আলোচনা বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ ছাড়াও নজরুল ইন্সটিটিউট কর্তৃক প্রকাশিত নজরুলের লোক সংগীতের স্বরলিপি অন্তর্ভুক্ত করা হয়েছে যা লোক সংগীতের সুর বিশ্লেষণে সহায়ক হবে এবং জানা যাবে নজরুল কিভাবে লোক সুরের ভাবদর্শন তাঁর গানে প্রয়োগ করেছেন। এই গবেষণার কাজ সর্বোতভাবে সহযোগিতা করেছেন আমার গবেষণা তত্ত্বাবধায়ক শ্রদ্ধেয় শিক্ষক অধ্যাপক ড. মৃদুলকান্তি চক্রবর্তী। গবেষণা কাজটি সুষ্ঠুরূপে সম্পাদন করার জন্য বিভিন্ন সময়ে তার মূল্যবান উপদেশ ও তথ্য দিয়েছেন। তাঁর ব্যক্তিগত লাইব্রেরী ব্যবহারের সুযোগ দেওয়ায় আমি তাঁর কাছে বিশেষভাবে কৃতজ্ঞ। আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ শ্রদ্ধেয় জনাব এ.এফ.এম. মোফাজ্জল হোসেন তারিক-এর কাছে যিনি সর্বতভাবে আমাকে সাহায্য সহযোগিতা করেছেন। নজরুল ইন্সটিটিউট এবং নজরুল ইন্সটিটিউটের সহকারী লাইব্রেরীয়ান তামান্না আনওয়ার-এর কাছে আমি বিশেষভাবে কৃতজ্ঞ লাইব্রেরী ব্যবহারে এবং তথ্য সংগ্রহে যথাযথ সহযোগিতা করার জন্য। নজরুল ইন্সটিটিউটের গবেষণা ও প্রকাশনা বিভাগের বিভাগীয় প্রধান ভারপ্রাপ্ত সহকারী পরিচালক জনাব মোঃ রবিউল ইসলাম আমাকে বিভিন্ন তথ্য-উপাত্ত দিয়ে গবেষণার গতিকে ত্বরান্বিত করেছেন আমি তাঁর কাছে কৃতজ্ঞ। এছাড়া নীলুফার ইয়াসমীন স্মৃতি পাঠাগার, ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরী, বাংলা একাডেমী পাঠাগার, পাবলিক লাইব্রেরীর সংশিষ্ট ব্যক্তিবর্গ, নজরুল সংগীত শিল্পী যাঁরা আমাকে তাঁদের মূল্যবান সাক্ষাৎকার দিয়েছেন, নজরুল ইন্সটিটিউটের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যারা আমাকে সাহায্য করেছেন, যে সব গবেষকের গ্রন্থ-পত্র-পত্রিকা থেকে আমি সহায়তা গ্রহণ করেছি তাঁদের সকলের প্রতি এবং বিভিন্ন দৃষ্টিকোণ থেকে যাঁরা আমাকে সাহায্য সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা স্বীকার করছি।

Dhaka University Institutional Repository

প্রথম অধ্যায়

নজরুল রচিত লোক সুরের গান

কাজী নজরুল ইসলাম বাংলা সংগীত জগতের এক বিস্ময়কর প্রতিভা ও অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী। একাধারে তিনি সাহিত্যিক, কবি, গীতিকার, সুরকার ও সংগীত স্রষ্টা। তিনি সংগীত রচনায় শ্রেষ্ঠত্ব লাভ করেছেন। বাংলা সংগীতের ধারায় তাঁর বৈচিত্র্যেময় সুর নতুন ধারার সৃষ্টি করেছেন। পৃথিবীর আর কোনো সংগীত রচয়িতার কর্মে বাণী ও সুরের এমন বিস্ময়কর বৈচিত্র্য প্রতিষ্ঠিত হয়নি। সর্বপরি তিনি তাঁর সংগীত রচনার মাধ্যমে একটি যুগ সৃষ্টি করেছেন। সংগীত নিয়ে তিনি বহু ধরনের পরীক্ষা নিরীক্ষা করেছেন। নজরুল রচিত লোকগীতি ঢঙ এবং গানগুলো তাঁর অনন্য সৃষ্টির এক বিশিষ্ট ধারার অন্তর্গত।

লোকসংগীত হচ্ছে প্রাচীন সংগীত। গ্রাম্য জীবন, প্রকৃতি এবং সমর্পিত হৃদয়ের অকপট আনন্দ, অনির্দেশ্য বেদনা উপাদান নিয়েই লোক সংগীত রচিত। এই গীত সৃষ্টির মূলে রয়েছে একটি বিশেষ অনুভূতি প্রাকৃতিক পরিবেশের অনাড়ম্বর পটভূমি। এরমধ্যে রয়েছে মাঝি, চাষী, তাঁতী, কুমার, জেলে প্রভৃতি গ্রাম সমাজের সকল শ্রেণীর মানুষের মনের কথা। লোকমুখে প্রচলিত সংগীতও লোক সংগীত। লোক সংগীতের মধ্যে বিভিন্ন পর্যায়ের গান আছে। যেমন : বাউল, টুসু, ভাদু, ঘেটু, ভাওয়াইয়া, চটকা, গম্ভীরা, গাজন, ভাটিয়ালি, জারি, সারি, কাজরী, চৈতি, মুর্শিদী ইত্যাদি লোক সংগীত কতগুলি বিশেষত্ব আছে। যেমন : শাস্ত্রীয় সংগীতের মতো লোক সংগীত শিক্ষার কোন বিধিবদ্ধ নিয়ম নেই। স্বভাব দক্ষতা অর্থাৎ কেবলমাত্র কানে শুনেই এই সংগীতে লোকের মুখে মুখে প্রচলিত হয়েছে। লোক সংগীতের বাণীও মৌখিকভাবে রচিত, কেননা বেশিরভাগ সময় এর রচয়িতাগণদের অক্ষরজ্ঞান থাকে না। কোন বিশেষ অনুভূতি বা প্রেরণা গ্রাম্য কবিদের কণ্ঠে স্বতস্ফূর্ত বাণী যুগিয়েছে। তাই এর মধ্যে অকৃত্রিমতা বা কল্পনা নাই। এই সংগীত গ্রাম্য সমাজের সমাজ জীবনের সঙ্গে একান্তভাবে সম্পৃক্ত। বিচিত্র সামাজিক জীবনের জন্য বিষয়-বস্তুর দিক দিয়ে লোক সংগীত বৈচিত্র্যময়। বিশেষ করে বাংলাদেশের লোক সংগীত বিষয়, ভাব, রস, সুরের দিকে দিয়ে অত্যন্ত সমৃদ্ধ। অন্যান্য প্রদেশের মত বাংলাতেও বিশেষ কতগুলি লোক সংগীত বিশেষ কয়েকটি অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ এবং সেগুলিকে 'আঞ্চলিক সংগীত' আখ্যা দেওয়া হয়েছে। যেমন : পূর্ববঙ্গের জারি, সারি, ভাটিয়ালি। উত্তর বঙ্গের গম্ভীরা ভাওয়াইয়া পশ্চিম বঙ্গের ভাদু,

Dhaka University Institutional Repository

ঝুমুর ইত্যাদি। নজরুল ইসলাম বিভিন্ন সময়ে বিভিন্নভাবে লোক সংগীতের বিভিন্ন ধারার সাথে সম্পৃক্ত হয়েছেন। নজরুলের লোক সুরের গানগুলোকে আমার এ গবেষণাপত্রে কখনো লোক সুরের গান, কখনো লোকাঙ্গিক গান, গ্রাম্য সুর বা পল্লী সুরের গান ইত্যাদি ভাষায় ব্যক্ত করেছি যা লোক সংগীতের বিভিন্ন লোকজ উপাদান, প্রকৃতি, মানুষের সুখ-দুঃখ, ভালোবাসার অনুভূতি নিয়ে রচিত।

প্রাকৃতিক সৌন্দর্য, লোকজ উপাদান এবং গ্রাম্য সংগীতের আদল ও আবহে রচিত নজরুলের এসব গান যে কোন মানুষকে আকর্ষণ করে। প্রাচীন লোক সংগীতের আদল ও অঙ্গিক অবলম্বনে নজরুল যে গানগুলো সৃষ্টি করেছেন তারমধ্যে ভাটিয়ালি, ভাওয়াইয়া, ঝুমুর, ঝাপান, বাউল, কাজরী, বেদে-বেদেনীর গান প্রভৃতি বিভিন্ন শ্রেণীর গান রয়েছে। তবে সংখ্যার দিক থেকে ঝুমুর ও ভাটিয়ালি শ্রেণীর গানই বেশি। নজরুল তাঁর শৈশব, কৈশোর, যৌবন ও পরবর্তীকালে নানা সময়ে বিভিন্ন কারণে বাংলার বহু স্থানে ঘুরে বেড়িয়েছেন। সুস্থ অবস্থায় বিভিন্ন সময়ে বাংলাদেশে থাকাকালীন নদী মাতৃক এদেশের সুশীতল ছায়াঘেরা প্রান্তর, মাঝি-মাল্লার গানে একাত্ম হয়ে তিনি পল্লী সুরের আধারে বহু সংগীত সৃষ্টি করেছেন। কবি পশ্চিম বঙ্গের চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন যা সাঁওতাল অধ্যুষিত এলাকা থেকে খুব বেশী দূরে ছিল না। তাঁর জীবনেও কবি মানসে এর প্রভাব ছিল যথেষ্ট। ফলে সাঁওতালি গীতছন্দের ঝুমুর গান নজরুল সংগীতে একটা বিশেষ স্থান দখল করে আছে। লোক সাংগীতের প্রতি কৈশোর থেকে তাঁর আকর্ষণ ছিল এবং তার শুরুটা ছিল লেটো গান থেকে। লেটো গান বর্ধমান অঞ্চলের অন্যতম লোক সংগীত। ছেলেবেলায় যখন তিনি লেটো দলে যোগ দেন সেই সময় থেকেই রাঢ় বাংলার লোক সংগীত তাঁর হৃদয়ে স্থান করে নিয়েছে। বাংলাদেশের ভাটিয়ালি, ভাওয়াইয়া আর পশ্চিম বাংলার ঝুমুর গান অবলম্বনে বহু সংখ্যক গান রচনা করে নজরুল তাঁর সৃজন ক্ষমতার সাক্ষর রেখেছেন। সৃজনী বৈশিষ্ট্যের দিক থেকে যেমন সংখ্যার দিক থেকেও তেমনি নজরুলের লোক সংগীত বিশেষ উল্লেখযোগ্য।

যদিও নজরুল সংগীতের সঠিক সংখ্যা কত এ প্রশ্নের সমাধান হয়নি। নজরুল নিজেই একবার মুজাফফর আহমদকে বলেছিলেন তাঁর গানের সংখ্যা 'প্রায় সাড়ে তিন হাজার'। ১৯৯৭ সালের জুন মাসে কল্পতরু সেনগুপ্তের সম্পাদনায় পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি 'নজরুল-গীতি সহায়িকা' বইখানি প্রকাশ করেছে। তাতে তালিকাভুক্ত গানের সংখ্যা দেওয়া আছে ৩০৯২। কিন্তু এই তালিকায় অনেক ভুল-ভ্রান্তি রয়ে গেছে। যদিও গ্রন্থের শেষে শুদ্ধিপত্রে প্রকাশ আছে, তাতে নির্দিষ্টভাবে দশটি গান নজরুল সংগীত নয় বলে চিহ্নিত করা হয়েছে। এছাড়া ৫টি গানকে দু'বার উল্লেখের কথা স্বীকার করা হয়েছে। সম্পাদক আরো জানিয়েছেন, ৬০ (ষাট)টির বেশি নজরুল সংগীতের কথা জানা গেছে যা পরবর্তী

Dhaka University Institutional Repository

সংস্করণে তালিকভুক্ত করা হবে। ১৯৭৮ সালে কলকাতার হরফ প্রকাশনী থেকে আবদুল আজীজ-আল-আমান-এর সম্পাদনায় ২,১১১টি গানের একটি সংকলন প্রকাশিত হয় নজরুল-গীতি অখণ্ড নামে। এই সংকলনের দ্বিতীয় সংস্করণ ১৯৮১ সালে প্রকাশিত হয় এবং ২০০৪ সালের জানুয়ারি মাসে এই প্রকাশনা সংস্থা উক্ত সংকলনের তৃতীয় পরিশোধিত সংস্করণ প্রকাশিত হয় ডক্টর ব্রহ্মমোহন ঠাকুরের সম্পাদনায়। এতে ২৫০৪টি গানের বাণী সংকলিত হলেও ৩টি গান বাদ দেওয়ার জন্য তিনি নির্দেশ করেছেন এবং সে মোতাবেক গানের সংখ্যা ১৫০১টি। ২০০৬ সালে নজরুল ইন্সটিটিউট থেকে প্রকাশিত হয়েছে নজরুল সংগীতের সর্বোচ্চ সংখ্যক গানের সংকলন 'নজরুল সংগীত সমগ্র'। এতে অন্তর্ভুক্ত হয়েছে ৩,১৬৩টি গান। এটি সম্পাদনা করেছেন বিশিষ্ট নজরুল বিশেষজ্ঞ ও নজরুল সংগীত শিল্পী এবং শিক্ষাবিদ রশিদুন্ নবী। কবির প্রায় ৪০০ লোটোগান এই সংকলনে অন্তর্ভুক্ত করেছেন। যদিও সম্পাদক নজরুল গানগুলোকে কোন নির্দিষ্ট পর্যায়ে ভাগ করেন নি এ প্রসঙ্গে তিনি বলেছেন, 'ইচ্ছাকৃতভাবেই গানগুলির কোনো পর্যায় ভাগ করা হয়নি। ভবিষ্যতে সুযোগ পেলে এ ধরনের কাজে অভিজ্ঞ সংগীতজ্ঞের সহায়তায় জটিল এই কাজটি সম্পাদন করার চেষ্টা করব।' তবে, এই গ্রন্থটিই এ যাবৎকালের সংগৃহীত সমস্ত নজরুল সংগীতের শুদ্ধ বাণী নিয়ে প্রকাশিত গ্রন্থ। আবদুল আজীজ আল আমান সম্পাদিত 'নজরুল-গীতি অখণ্ড' গ্রন্থে তিনি কয়েকটি পর্যায়ে ভাগ করে নিয়েছেন। যেমন : কাব্য-গীতি, রাগপ্রধান, ইসলামী গান, ভক্তিগীতি, লোকগীতি, দেশাত্ববোধক, হাসির গান, নাট্যগীতি ইত্যাদি। এরমধ্যে লোকগীতি পর্যায়ে তিনি ১৩৭টি গান তালিকাভুক্ত করেছেন। তিনি নজরুলের কীর্তনাঙ্গের গানগুলোকে লোকগীতি পর্যায়ে রাখেন নি, ভক্তিগীতি পর্যায়ে বেশীর ভাগ কীর্তনাঙ্গের গান রেখেছেন তার সংখ্যা প্রায় ৪৯টি। এছাড়া বিভিন্ন পর্যায়ের, সুরের বৈশিষ্ট্যের অথবা কাব্যিক গুনাগুণের কারণে তিনি কীর্তন, হোরী, বাউল বা ভাটিয়ালি, লোকা পর্যায়ের গানগুলোকে ভক্তিগীতি, কাব্যগীতি, হাসির গান, রাগপ্রধান গান ইত্যাদি পর্যায়ে অন্তর্ভুক্ত করেছেন। গানগুলোর একটি তালিকা আমি আমার থিসিসে উপস্থাপন করেছি 'নজরুল-গীতি অখণ্ড' গ্রন্থ অবলম্বনে। রশিদুন্ নবী সম্পাদিত 'নজরুল-সংগীত সমগ্র' গ্রন্থে তিনি প্রায় ৪০০টি লেটোগান অন্তর্ভুক্ত করেছেন। এই গানগুলো অবশ্যই লোকাঙ্গিক পর্যায়ের গান। এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী নজরুলের লোক আঙ্গিকের গানের সংখ্যা প্রায় ৬৫০ (ছয় শত পঞ্চাশ)।

কাজী নজরুলের জীবন পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে, শৈশব এবং কৈশোর কেটেছে তাঁর গ্রাম চুরুলিয়ায়। পরবর্তীতে প্রথম মহাযুদ্ধের সময় পল্টনে যোগ দিয়ে করাচির ব্যারাকে তিনি অবস্থান করেছেন কিছু সময়। তারপর তিনি চলে আসেন কলকাতায়। লোক জীবন ও লোক

Dhaka University Institutional Repository

সাহিত্য সম্পর্কে তাঁর যে সঞ্চয় তা আহরিত হয়েছিল বলা যায় পল্টন পূর্বকালেই। পরবর্তী সময়েও তিনি গ্রাম বাংলায় বিভিন্ন স্থান ঘুরেছেন, গ্রামের মানুষের সাথে মিশেছেন এবং তাঁর সঞ্চয় ভাণ্ডারে যুক্ত করেছেন আরো অনেক লোকজ ঐতিহ্য।

তাঁর মৌলিক সংগীত প্রতিভার স্ফূরণ ঘটে ১৯২১ থেকে ১৯২৫ খ্রিস্টাব্দের মধ্যে। এ সময়ে তিনি প্রচুর স্বদেশী উদ্দীপনামূলক গান রচনা করেন। ১৯২৬-১৯৩১ খ্রিস্টাব্দ নজরুল মৌলিক সৃজনশীল সংগীত প্রতিভা এক অীবস্মরণীয় সৃষ্টিতে মেতে ওঠেন। তিনি বাংলা গজল রচনা শুরু করেন। ১৯৩০-৩১ খ্রিস্টাব্দের মধ্যে তিনি সৃজনশীল সংগীত প্রতিভার নতুন আরেকটি ধারার সৃষ্টি করেন। এ সময় তিনি হিন্দু ভক্তিমূলক এবং ইসলামী গান রচনা শুরু করেন। নজরুল সংগীত রচনার চতুর্থ পর্যায়ে তাঁর আধুনিক ও লোক ঐতিহ্যভিত্তিক সংগীত সৃষ্টির নৈপুণ্যে পরিলক্ষিত হয়। এ সময় তিনি বাউল গান, সারি, ভাটিয়ালি, ভাওয়াইয়া, ঝুমুর, কাজরী, সাওতালী গান, ঝাপান বা বেদে বেদেনীর গান রচনা করেন। বৈচিত্র্য যে নজরুলের সংগীত রচনার অন্যতম বৈশিষ্ট্য তা এই লোক সংগীতানুগ রচনায় প্রতিফলিত হয়েছে। সামগ্রিকভাবে পর্যালোচনা করলে দেখা যায় যে, নজরুল রচিত লোকজ সুরের গানগুলো একদিক যেমন কাব্য মাধুর্যে সমৃদ্ধ, অন্যদিকে তেমনি সুর লালিত্যে ভরপুর।

Dhaka University Institutional Repository

দ্বিতীয় অধ্যায়

নজরুল রচিত লোক সংগীতের উৎস ও পটভূমি পর্যালোচনা

পূর্বেই উল্লেখ্য যে, কাজী নজরুল ইসলামের জন্ম পশ্চিম বঙ্গের চুরুলিয়া গ্রামে যা সাঁওতাল অধ্যুষিত এলাকার কাছাকাছি। যার ফলে তাঁর জীবন ও কবি মানসে এর প্রভাব যথেষ্ট পরিমাণে পরিলক্ষিত। পর্যালোচনা করলে দেখা যায় রাঢ় বাংলার অত্যন্ত প্রচলিত সাঁওতাল ছন্দের ঝুমুর গান নজরুলকে বিশেষভাবে আকর্ষণ করেছে, আন্দোলিত করেছে তাঁর মন যার প্রভাব আমরা দেখতে পাই নজরুল রচিত ঝুমুর গানে।

কিশোর বয়স থেকেই নজরুলের মধ্যে কবিত্বের প্রকাশ দেখা যায়। নজরুলের গীতি কবিসত্ত্বা প্রকাশ পায় বাল্যকালে লেটোদলে থাকাকালীন সময়ে। লেটো গান চুরুলিয়া তথা বর্ধমান জেলার আঞ্চলিক লোকগীতি এবং ঐ বিষয়ে তাঁর হাতেখড়ি হয় চাচা বজলে করিমের কাছে।[১] নজরুলের বাবা মারা যাওয়ায় তাঁর পরিবারের আর্থিক অবস্থার বিপর্যয়ের কারণে মাত্র ১২/১৩ বছর বয়সে তাঁকে পরিবারের ভার গ্রহণ করতে হয়। তিনি নজরুলের কবি প্রতিভা লক্ষ্য করে তাঁকে লেটো গান লিখতে উৎসাহিত করেন। সে সময় রাঢ় বাংলার লোক সংগীত নজরুলকে বিশেষভাবে অনুপ্রাণিত করে। নজরুলের বাল্য জীবনের ওপর আলোকপাত করতে গিয়ে আনওয়ারুল ইসলাম লেখেন,

> 'বাড়ির অবস্থা ভাল ছিল না, তাই নজরুলও এইসব লেটোর দলে গান এবং নাটক রচনা করে দিয়ে অর্থ উপার্জন করতেন। তাঁর বয়স তখন ১২/১৩ বছর মাত্র অথচ এ সময়ের রচনা তাঁর এত ভালো হতে লাগল যে তিনি ক্রমে নিমাশা, চুরুলিয়া এবং রাখাখুড়া এই তিনটিই লেটো নাচের দলে নাটক রচনার ভার পেলেন। এই সময় তিনি কয়েকটি গ্রামে বড় বড় ঐতিহাসিক নাটক ও মেঘনাদবদ নামে একটি নাটক রচনা করেন।'[২]

---

১ পিতৃতুল্য মুন্সি বজলে করিম ছিলেন পেশাদার লেটো দলপতি এবং লেটো গানের বড় ওস্তাদ। তিনি পালা রচনা ও পরিবেশন অত্যন্ত দক্ষতার সঙ্গে করতেন। বংশ পরম্পরায় এবং পারিবারিক সূত্রে লৌকিক পালা গানের রীতি প্রকরণ গান পাগল বালক নজরুলকে অনুপ্রাণিত করেছিল।

২ আনওয়ারুল ইসলাম, 'নজরুলের বাল্যজীবন' কবিতা, কার্তিক-পৌষ ১৩৫১, কলকাতা। পৃ. ৩৪-৩৫। (আনওয়ারুল ইসলাম কাজী নজরুল ইসলামের ফুফাতো ভাই)।

Dhaka University Institutional Repository

অধ্যাপক রফিকুল ইসলামের উক্তি,

> 'মাথরুন স্কুল ত্যাগের পর নজরুলের ভবঘুরে জীবন আবার শুরু হয়। সম্ভাবত এ সময় তিনি বাসুদেবের কবি দলের জন্য গান, পালা ইত্যাদি লিখে সুর দিয়ে দিতেন। কখনও কখনও ঢোলক বাজিয়ে আসরে গানও করতেন।... কবি বাসুদেবের মহড়ায় নজরুলের গান শুনে বর্ধমান আণ্ডাল ব্রাঞ্চ রেলওয়ের একজন গার্ড মুগ্ধ হন এবং নজরুলকে একটা অদ্ভুত চাকরী দেন।'[৫]

নজরুল ইসলাম যখন ১৯১৭ সালে বাঙালি পল্টনে যোগদান করার জন্য বিদেশে পাড়ি দেন সেই সময় লেটো দলের আকাশে দেখা দেয় অমানিশার অন্ধকার। এ প্রসঙ্গে শেখ আজিবুল হকের বক্তব্য,

> 'তাঁর শিষ্যদের মধ্যে ওস্তাদের অভাব ঘরে ঘরে ওঠে রোদন ধ্বনি। কেউ কেউ গাইতে থাকে মনের খেদে, দুঃখে–
>
> আমরা অধীন হয়েছি ওস্তাদহীন
> তাই নিশিদিন ভাবি বিষাদ মনে।
> নামেতে নজরুল ইসলাম
> কি দিব গুণের প্রমাণ
> না পাই সন্ধান কোন খানে।'[৬]

নিমশার লেটোদল তাঁকে ওস্তাদ বলে গণ্য করতেন। ১৯১৯ সালে নজরুল বিশ্বযুদ্ধ শেষে ফিরে এসে কলকাতায় অবস্থান করেন, গ্রামের জীবনে আর ফিরে যাননি। এরূপ অবস্থার কথা স্মরণ করে নিমশার লেটো দল নজরুলের বিরহে গান রচনা করেন। এ সকল তথ্যের ভিত্তিতে ধারণা করা যায় নজরুলের লেটো জীবনের পরিধি ১৯০৮–১৯১৭ সাল পর্যন্ত বিস্তৃত ছিল। ঐ সময়েই লেটো গান রচনা করার মাধ্যমে তাঁর ভেতর কবিতা ও গান রচনার বীজ অঙ্কুরিত হয়েছিল। আর হিন্দু-মুসলমান সংস্কৃতিকে জানার, উদারভাবে গ্রহণ করার দক্ষতার সাথে প্রয়োগ করার পটভূমিও রচিত হয়েছিল। নজরুল জীবনে ও নজরুল রচনায় লেটোগানের প্রভাব কি ও কতখানি এ প্রসঙ্গে অধ্যাপক রফিকুল ইসলাম বলেন,

---

৫ রফিকুল ইসলাম, 'কাজী নজরুল ইসলাম : নজরুল অ্যালবাম' নজরুল ইন্সটিটিউট, ঢাকা। প্রকাশকাল : ১৯৯৪। পৃ. ১১।

৬ শেখ আজিবুল হক, 'নজরুল সাহিত্যের এক অনালোচিত অধ্যায়', নজরুল একাডেমী পত্রিকা, নবম সংখ্যা, শ্রাবণ ১৪০০। পৃ. ৪৫।

Dhaka University Institutional Repository

> 'নজরুলের কবি ও সংগীতজ্ঞ জীবনের শুরু লেটোদল থেকেই। হিন্দু পুরাণের সঙ্গে নজরুলের যোগ... .াগ সম্ভবতঃ লেটো দলের জন্য পালা রচনা করতে গিয়েই হয়েছিল। এ ছাড়া তাৎক্ষণিক কবিতা ও গান রচনা করার কৌশল তিনি কিশোর বয়সে লেটোর আসরেই রপ্ত করেছিলেন। সুতরাং নজরুলের লেটো জীবনকে তাঁর কবিতা ও সংগীতজ্ঞ জীবনের শিক্ষানবিশী কাল বলা যেতে পারে।'[৭]

এই লেটো দলে থাকাকালীন নজরুল বাঁশী, তবলা ও হারমোনিয়াম বাদনে বিশেষ পারদর্শী হয়ে ওঠেন। প্রাণতোষ চট্টোপাধ্যায়ের বক্তব্য থেকে তা স্পষ্টই অনুভূত হয়,

> 'লম্বা লম্বা আঙ্গুলগুলো হারমোনিয়ামের পর্দায় যেন সাপের মতে খেলে বেড়াত, শ্রোতার মানস লোকে চমক দিল ঘন মেঘের কোলে বিদ্যুতের মত। কবি নজরুল আঁড় বাঁশী, পিকল, মোহন বাঁশী ভালো বাজাতে পারতেন। ... তাঁর বাঁশীতে মুগ্ধ হতো না এমন লোক দেখিনি।'

নজরুলের জীবন পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে, নজরুল হঠাৎ করেই সংগীতের প্রতি আকৃষ্ট হননি। ছোট-বেলা থেকেই তাঁর অন্তরে লোক সংগীতের বীজ বপণ করা হয়েছিলো। নজরুলের রক্তের মধ্যেই লোক সংগীতের ধারাটি অন্তর্নিহিত ছিল। নজরুলের অন্তরের এই গান-পাগল সত্তাটির কথা অনেকেই বলেছেন। এ প্রসঙ্গে শৈলজানন্দ লিখেছেন,

> 'আমি সেই নজরুলকে চিনি যে নজরুল পাশের গ্রামের বাসন্তী পুজোর সময় ভাঙা একটা পাঁচিলে উপর বসে যাত্রাগান শুনছে, যে নজরুল লেটোর দলে বসে ঢোলক বাজাচ্ছে। যে নজরুল সুর করে রামায়ণ পড়েছে, মহাভারত পড়ছে।'

গান গাওয়া, বাঁশী বা ঢোলক বাজানো কারো কাছে শেখেননি নজরুল, এগুলো তাঁর সহজাত স্বভাবলব্ধ প্রতিভা। প্রাণতোষ চট্টপাধ্যায় জানিয়েছেন,

> 'বাল্য বয়স থেকেই লৌকিক নানা রঙের সংগীত নজরুলকে কেমন পাগল করে তুলত। কথকতা, কীর্তন, যাত্রা গানের আসরে তাঁর উপস্থিতি ছিল প্রায় অবধারিত।'

নজরুল মানসে প্রতিনিয়তই আহরিত হয়েছে লোকজ উপাদান যেখানে যখন তিনি আহরণ করেছেন সেখান থেকে অবচেতন মনে অথবা জ্ঞানত তিনি আহরণ করেছেন সংগীত কলা। এ প্রসঙ্গে আবদুল আজীজ আল আমান তাঁর নজরুল-গীতি অখণ্ড গ্রন্থে বলেছেন,

---

[৭] শেখ আজিবুল হক, পূর্বোক্ত, পৃ. ৪৭।

Dhaka University Institutional Repository

'... তার চেয়ে বেশী আহরণ করেছেন চারপাশের সুরের গুঞ্জরণ থেকে। এ গুঞ্জরণ ভেসে এসেছে কোন কলাবিদের কাছ থেকে নয় – নিতান্ত অজানা কোন পথচারীর নিকট থেকে, হয়তো ভিখারির কণ্ঠ থেকে, মাঝি-মাল্লা বা রাখালের কাছ থেকে, অথবা রাস্তায় বসে যে কাওয়াল রুজি সংগ্রহ করে তার কাছ থেকে।'

আমরা জানি কবি চট্টগ্রাম এবং সন্দীপে বেড়াতে গিয়ে অনেক ভাটিয়ালি এবং সাম্পানের গান রচনা করেছিলেন। অসাধারণ এসব গান রচনা এবং সুর সৃষ্টির পিছনে মাঝি-মাল্লাদের অবদান অনস্বীকার্য। এভাবে সুর সংগ্রহ নজরুল সংগীতের এক উল্লেখযোগ্য সম্পদ। এভাবে তিনি পারিপার্শ্বিক পরিবেশ থেকে সুর আহরণ করে তাঁর সংগীতকে করেছেন আরো সমৃদ্ধ মহিমান্বিত।

প্রথম জীবনে লেটো গানের মাধ্যমে সংগীত জীবনের শুরু হলেও মধ্যখানে তিনি সংগীত নিয়ে নানা পরীক্ষা-নিরীক্ষায় মৌলিক সৃজনশীল সংগীত প্রতিভা এক অবিস্মরণীয় সৃষ্টিতে মেতে ওঠেন এবং সৃজনশীল সংগীত প্রতিভার শেষ পর্যায়ে অর্থাৎ ১৯৩২-৩৩ খিস্টাব্দ থেকে ৩০ দশকের শেষ পর্যন্ত আবার লোক ঐতিহ্যভিত্তিক সংগীত সৃষ্টির নৈপুণ্য পরিলক্ষিত হয়। এ সময় তিনি বাউল গান, সারি, ভাটিয়ালি, ভাওয়াইয়া, ঝুমুর, কাজরী, সাওতালী গান, ঝাপান বা বেদে-বেদেনীর গান রচনা করেন। ঝাপান শ্রেণীর গান রচনার জন্য তিনি বেদে-বেদেনীর জীবনযাত্রা বা সংগীতের সাথে পরিচিত হওয়ার জন্য শহর ছেড়ে বেদে সম্প্রদায়ের দ্বারস্থ হয়েছেন। প্রায় দিন দশেক এই যাযাবর সম্প্রদায়ের সাথে অবস্থান পর্যন্ত করেছেন। প্রাচীন এই নৃ গোষ্ঠীর সংগীতের লোকজ ধারা আত্মস্থ করে তাঁর গীতভুবন আরও সমৃদ্ধ এবং বৈচিত্র্যপূর্ণ করেছেন।

Dhaka University Institutional Repository

তৃতীয় অধ্যায়

নজরুল রচিত লোক সংগীতের বিভিন্ন ধারা পর্যালোচনা

নজরুল রচিত লোক সুরের ভাণ্ডারও এক বিশাল আধার। নিম্নে তার সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলো।

ক. লেটো গান

নজরুলে সংগীত জগতে অনুপ্রবেশেই লেটো গানের মধ্য দিয়ে। এই লেটো সংগীত এক প্রকার লোকগীতি।চুরুলিয়া তথা বর্ধমান জেলার আঞ্চলিক লোকগীতি হচ্ছে লেটোগান। অবশ্য শুধুমাত্র বর্ধমান নয়, পার্শ্ববর্তী বীরভূম, হুগলি, নদীয়া জেলাতেও এ গানের প্রচলন ছিল। বর্ধমান বীরভূম জেলায় আজও এ গান প্রচলিত আছে।

নাট্য থেকে লেটো শব্দের উৎপত্তি বা উদ্ভব। নাট্য>নাট, নাট+উয়া (স্বার্থে)=নাটুয়া> নেটো > লেটো। যে গানে নাট্যের ভাব আছে, তাই লেটো গান। অর্থাৎ এ গানে অভিনয়াদি সহযোগে পারিবেশিত হয়। শুধুমাত্র অভিনয় নয় এর মধ্য নাচ ও বাদ্যের স্থানও আছে। অর্থাৎ কথায় গান, নাচ ও অভিনয় ও বাদ্য সমন্বয়ে লেটো গান মিশ্ররীতির সংগীত ধারা। লেটো সংগীত এক প্রকার দলীয় সংগীত যা উন্মুক্ত মঞ্চে রাতভর পরিবেশিত হয়। প্রধানত মুসিলম কৃষক সমাজ এসব গানের সমঝদার ও ভোক্তা, তারাই গানের দল গঠন করে গান রচনা করে। অবসরকালে মেলাদি অনুষ্ঠানে গানের আয়োজন করে। গ্রামের কিশোর, তরুণ, যুবকরাই মূখ্য ভূমিকা নিয়ে থাকে। নাচ, গান, অভিনয় ও বাদ্যের শিল্পীসহ দশ-বার জনের সমন্বয়ে লেটো গানের দল গঠিত হয়। দলের প্রধানকে গোদাকবি বলে। তিন-চার জন কিশোর ও তরুণ যুবা শাড়ি-গয়না পরে নটি সাজে এবং আসরে প্রয়োজনমত একক বা যৌথ গান গায়। তাদের নাম সখি, বাঈ বা ছোকরা। গান রসের মাঝে হাস্যরসের মাধ্যমে দর্শক শ্রোতাকে বিশ্রাম দেওয়ার জন্য একজন কৌতুকাভিনেতা থাকে তাকে আঞ্চলিক ভাষায় 'সঙদার' বলে। পালাগানের মূল অংশ অভিনয় করার জন্য যারা কুশীলব হিসাবে থাকে তাদের পাঠক বলে। এখানে বিবেক নামে অপর একটি চরিত্র থাকে। সে সংকট মুহূর্তে এসে বিবেকের গান গায়। দলে একজন অল্প বয়সের সুশ্রী বালক থাকে সে প্রয়োজন মতো কিশোর বা কিশোরী সেজে ব্যঙ্গ বিদ্রূপাত্মক মজাদার সংলাপ বলে অভিনয় করে তার নাম ব্যাঙাচি।[৮]

---

৮ ওয়াকিল আহমদ, 'নজরুল : লেটো ও লোক ঐতিহ্য' নজরুল ইন্সটিটিউট, ঢাকা। পৃ. ১২।

Dhaka University Institutional Repository

দৈনন্দিন সংসার জীবন, দাম্পত্য জীবন থেকে শুরু করে ঐতিহাসিক পৌরাণিক কাল্পনিক নানা কাহিনী নিয়ে ছোট-বড় পালা লেখা হয়। এসব দৈনন্দিন জীবনের ঘটে যাওয়া সুখ-দুঃখের কাহিনীই এই লেটো গানের বিষয়বস্তু।

নজরুলের লেটো গানের মধ্যে উল্লেখযোগ্য শকুনি বধ, চাষার সঙ, রাজপুত্র, আকবর বাদশা, মেঘনাদ বধ, দাতাকর্ণ, কবি কালিদাস, কবির লড়াই, রাধা বিনোদ, বৌ-এর বিয়ে, আজব বিয়ে, জেলে-জেলেনী ইত্যাদি।

নিম্নে নজরুলের কয়েকটি লেটো গানের বিবরণ দেওয়া হলো :

১. আসর বন্দি আগে নামেতে তোমার
তোমার শত পাক নামেতে রাখি চারিধার।

– আসর বন্দনা।[৯]

২. কেমন ওস্তাদ হে তুমি
দেখবো আজ সভাস্থলে
ভীত হবে তোর ঐ দক্ষে
যে হবে কচি ছেলে।

– কবির লড়াই (ঠেস গান)

[কবির লড়াইয়ের আঞ্চলিক নাম ঠেস গান। 'ঠেস' দেশজ শব্দ, অর্থ খোটা, কটাক্ষ, বক্রোক্তি প্রভৃতি। প্রতিপক্ষকে হেয় প্রতিপন্ন এবং নিজেকে শক্তিশালী ভেবে আক্রামণাত্মক যে গান রচনা হয় তাকে ঠেস গান বলে।]

৩. শিবা হয়ে পরাজিতে পশু রাজে সাধ!
জ্ঞান নাই কি তোর কাণ্ডা কাণ্ডা হয়েছিল উন্মাদ।

– শকুনি বধ।

৪. চাষ কর দেহ জমিতে
হবে নানা ফসল এতে ॥

... ...

---

৯ মুহম্মদ আয়ুব হোসেন, 'গ্রামীণ নাটক, লেটোগান' লোক সংস্কৃতি গবেষণা, ৮ম বর্ষ ৪র্থ সংখ্যা, মাঘ–চৈত্র, ১৪০২। পৃ. ২৮৫-৩০০।

নামাজে জমি 'উগালে'
রোজাতে জমি 'সামালে'
কালেমায় জমিতে মই দিলে
চিন্তা কি হে এই ভবেতে ॥[১০]
– চাষার সঙ

খ. ঝুমুর

পশ্চিম বঙ্গের সন্নিহিত ছোট নাগপুরের পূর্ব সীমান্তবর্তী অঞ্চলের যে লৌকিক পদাবলী বৈষ্ণব মহাজন পদাবলীর অনুকরণে গাওয়া যায় সেই বিশেষ শ্রেণীর গানগুলো সাধারণভাবে ঝুমুর নামে পরিচিত। রাধা কৃষ্ণের কাহিনী ছাড়াও ঝুমুর গানের বিষয়বস্তুর মধ্যে আছে রামায়ণ, মহাভারতের, সাঁওতালের যৌথ জীবনযাত্রার ছন্দ। উৎসব প্রবণতা, দৈনন্দিন অভাব-অনটন প্রভৃতি প্রসঙ্গ। রামায়ণ মহাভারত কাহিনী ও নিরপেক্ষ লৌকিক প্রেমের ভাব অবলম্বনে করেও ঝুমুর গান রচিত হয়েছে এবং সেগুলিকে বলা হয় লৌকিক ঝুমুর। এ ছাড়া বিভিন্ন অঞ্চলে বিভিন্ন প্রকার নৃত্যের অনুষ্ঠানকালে আরও নানা প্রকার ঝুমুর গান শুনতে পাওয়া যায়। যেমন – কাঠি নাচের ঝুমুর, দাঁড়শালিরা ঝুমুর, ভাদরিয়া ঝুমুর ইত্যাদি। মুণ্ডাভাষী সাঁওতাল জাতিদের মধ্যে সাঁওতাল এবং বাংলা উভয় ভাষাতে রচিত এক প্রকার গান শুনতে পাওয়া যায় যে গুলিকে বলা হয় সাঁওতালি ঝুমুর। সাঁওতালি ভাষায় রচিত গানগুলি তাদের বিবাহচার ও ধর্মীয় অনুষ্ঠানে গাওয়া হয়।

এই ঝুমুর ঢং অবলম্বনেই নজরুল সবচেয়ে বেশী গান রচনা করেন। ঝুমুর গানে একটা জমজমাট আনন্দ আছে, এক ধরনের ছন্দ দোলা আছে যা হঠাৎ ধাক্কা দিয়ে মনকে সজাগ করে তোলে এর সংগীত রূপ বাউল ভাটিয়ালির মত দীর্ঘ সুর রেখার সাহায্যে গঠিত নয়। টুকরো টুকরো সূচ-এর রূপ রচিত। নৃত্য দোদুলতা এর অবিচ্ছেদ্য অঙ্গ। আদিবাসী সংগীতের স্তর থেকে বাংলা লোকগীতির স্তরে উত্তীর্ণ হলেও এর ঢঙে এমন কিছু বৈশিষ্ট্য থেকে যায় যা বাংলা লোকগীতির অন্যান্য শাখার সাধারণ বৈশিষ্ট্য থেকে একটু পৃথক। নজরুল অত্যন্ত সুনিপুণভাবে ঝুমুরের এই ব্যতিক্রমী ঢঙটি তাঁর গানে ব্যবহার করেন। কয়লা খনির জীবন, নর-নারীর ভালবাসা রাধা-কৃষ্ণ প্রেমকথা, প্রাকৃতিক শোভা প্রভৃতি নানাবিধ বিষয়ে রচিত নজরুলের বহু সংখ্যক গানে ঝুমুরের এই দোলা লাগানো সংগীতের ভঙ্গি অনুসৃত হয়ে উঠেছে। এই গানগুলো অত্যন্ত জনপ্রিয় এবং নজরুল সংগীতে এর স্থান বিশেষভাবে উল্লেখযোগ্য।

---

১০ আবদুল কাদির সম্পাদিত 'নজরুল রচনা সম্ভার' কলিকাতা, ১৯৬১, পৃ. ৫২। গানটি প্রথম প্রকাশিত হয় ১১ জ্যৈষ্ঠ ১৩৫৪ দৈনিক আজাদ। সুশীলকুমার গুপ্ত 'নজরুল চরিতমানস' (কলিকাতা, ১৩৮৪) গ্রন্থে গানটির উল্লেখ করেন, তিনি দৈনিক আজাদের রেফারেন্স দেন।

যেমন :

১. 'রাঙা মাটির পথে লো
মাদল বাজে বাজে বাঁশের বাঁশী ।'

২. 'নাচের নেশার ঘোর লেগেছে
নয়ন পড়ে ঢুলে
বুনো ফুল পড়লো ঝরে নাচের ঘোরে
দোলন খোপা খুলে লো ॥'

৩. 'কাল পাহাড় আলো করে কে
ওকে কাল শশী
নিতুই এসে লো বাজায় বাঁশী
কদম তলায় বসি ।'

গ. নজরুলের বাউল গান

বাউল শব্দের উৎপত্তি নিয়ে বহুতর ব্যাখ্যা আছে। এদের সকলের মধ্যে সামঞ্জস্য বিধান করে। সাধারণভাবে বলা হয় যে, সংস্কৃত 'ব্যাকুল' বা 'বাতুল' শব্দ বাউল [সং. ব্যাকুল বা বাতুল>বাউল] এর অর্থ উন্মাদ, পাগল। 'বাউল' শব্দটি দ্বারা উন্মাদ বা ভাবোন্মাদ বা বিবশ ব্যক্তিকেই বোঝানো হতো। কিন্তু বিশেষ এক ভাবের ভাবুক একটি ধর্ম সম্প্রদায়কে নির্দেশ করতে 'বাউল' শব্দের প্রয়োগ আজ থেকে শ' তিনেক বছরের আগে হয়েছে বলে মনে হয় না। তখন থেকেই বাউল শব্দটি আর ব্যক্তিবাচক হিসাবে নয়, এক নির্দিষ্ট সম্প্রদায়কেই বোঝাতে ব্যবহৃত হয়ে আসছে। কাজী আবদুল ওদুদ তাঁর ব্যবহারিক শব্দকোষ অভিধানে 'বাউল' শব্দের পরিচয় দিতে গিয়ে নির্দেশ করেছেন,

> 'ঈশ্বর-ভক্ত সম্প্রদায় বিশেষ, ইহারা প্রচলিত হিন্দু বা মুসলমান আচার অনুসারে চলে না, সংগীত ইহাদের সাধনার এক প্রধান অঙ্গ।'[১১]

কেন এ ভাবে বাঙলার একটি ধর্ম সম্প্রদায়কে উন্মাদ, পাগল, ভাবোন্মাদ, বাতুল বা বাউল বলা হয়? তাদের কথা-বার্তা, আচার-আচরণ, পোষাক-পরিচ্ছেদ সাধারণ সামাজিকতা থেকে সম্পূর্ণ পৃথক। এছাড়া এরা নিজেদের অন্তরের আবেগে সব সময়েই যেন বিভোর হয়ে থাকেন। এরা কোন দেব-দেবীর পূজা-

---

[১১] কাজী আবদুল ওদুদ, ব্যবহারিক শব্দকোষ, পৃ. ৫৬৫।

Dhaka University Institutional Repository

আচার, রোজা-নামাজ, মন্দির-মসজিদ কিছুই মানে না। তাই এরা সমাজ ছাড়া বাতুল বা বাউল। এঁদের কামনা-বাসনা, ভোগ-তৃপ্তি একেবারে অন্য ধরনের ফলে এঁরা সমাজের সর্বজন পরিচিত জীবনধারার বাইরে থাকেন এবং থাকতে ভালবাসেন, এই জন্যই এঁরা বাউল বা বাতুল।

মধ্য যুগেই এই বাংলার বিশেষ ধর্মমতাবলম্বী 'বাউল' ধর্ম মতের বিকাশ হয়েছে এবং কালক্রমে বাউল সাধন সুনির্দিষ্ট প্রণালীবদ্ধ ধর্মীয় সাধনারূপে বাংলার জন জীবনে একটি অংশকে প্রভাবিত করেছে। বাউলকে বলা যায় বাংলার অন্যতম একটি লৌকিক ধর্ম। 'বাউল' শব্দের কেউ কেউ এমন অর্থ করে থাকে যে, যে বায়ুর মত ঈশ্বরের সঙ্গে মিশে থাকে সেই বাউল। বায়ু বা বাতাস সুনিবিড়ভাবে যে কোন বস্তুর সাথে মিশতে পারে বাউল সাধক সেইভাবেই ভগবানের সাথে বা ঈশ্বরের সাথে মিলে যায় বা মিশে যায়। শ্রীআশুতোষ ভট্টাচার্য বলেন, '... তাহার সাধনার মধ্যেও ঈশ্বরের সঙ্গে সুনিবিড় ঐক্যানুভূতির আনন্দের কথা আছে।' (বঙ্গীয় লোক সংগীত রত্মাকর দ্বিতীয় ভাগ – শ্রীআশুতোষ ভট্টাচার্য) এই বাউল ধর্মাবলম্বীদের রচিত গানগুলিকেই বলা হয় বাউল গান, এদের রচিত গানের মধ্য দিয়ে বাউল ধর্মের তত্ত্বকথা প্রকাশ পায়। প্রায় সকল বাউল গানে দেখা যায় গুরুবাদ, সহজিয়াবাদ কিংবা শূন্যবাদের কথা এবং সহজ হৃদয়ানুভূতি এর মূল উপজীব্য। নজরুলও এই বাউলের আদর্শ দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছিল এবং সেই জন্য তাঁর অনেক গানে বাউল সুরের বাউল ভাবের অনুপ্রবেশ ঘটেছে।

বাউল একটি সম্প্রদায়। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের ধর্ম পরায়ণ সাধু সুফী প্রকৃতির লোকদের মধ্যেই এ ধরনের গানের প্রচলন পূর্বে বেশী ছিল। মানব ধর্মই এই সম্প্রদায়ের মূলকথা। বৈষ্ণব ধর্মের ভক্তিবাদ এবং ইসলাম ধর্মের সুফীবাদের প্রভাব নজরুলের বাউল গানের মধ্যে দেখতে পাওয়া যায়।

প্রচলিত ধর্মের অনুসারী না হলেও এদেরকে অধার্মিক বা নাস্তিকও বলা যায় না। বাউলদের ভক্তি, বিশ্বাস ও সাধনাতে বৈষ্ণব ধর্মের ভক্তিবাদ ও ইসলামের সুফী মতের ভক্তিভাবেরই, সংমিশ্রণ দেখা যায়। তাঁদের গানের মধ্যে বাউল গানের তত্ত্বকথা প্রকাশ পায়। সহজ হৃদয়ানুভূতি এর মূল উপজীব্য। বাউল গায়কেরা গান গাওয়ার সময় কোমরে একটি বায়া বাদ্যযন্ত্র বেঁধে বা হাত দিয়ে তার ছাউনিতে মাঝে মাঝে আঘাত করে। অনেক সময় পুরুষ বাউলরা দাঁড়ানো অবস্থায় নৃত্য ছন্দে দেহ দুলিয়ে গান গেয়ে থাকে। তাই বাউল গানে সুরে সুন্দর ছন্দ মেলা উপলব্ধি করা যায়। কোন কোন গানের বাণী গূঢ় তত্ত্ব ঘেষা হলেও গানের সুরে থাকে একটি হালকা স্ফূর্তির আমেজ।

Dhaka University Institutional Repository

বাউল গানের কয়েকটি প্রধান বৈশিষ্ট্যের মধ্যে দেখতে পাই বাউলরা চৈতন্যদেবকেই তাঁদের আদিগুরু হিসাবে মান্য করেন। যদিও চৈতন্যদেব প্রবর্তিত গৌড়ীয় বৈষ্ণব ধর্মের সঙ্গে এঁদের মৌলিক পার্থক্য রয়েছে। এঁরা 'অধরা' মনের মানুষকেই তাঁদের দেবতা জ্ঞান করেন। যিনি কোন মন্দিরে বা মসজিদে থাকেন না।

ড. মৃদুলকান্তি তাঁর লোক সংগীত গ্রন্থে লিখেছেন,

'সপ্তদশ শতাব্দীর প্রথম পাদ পর্যন্ত 'বাউল' শব্দটি কোন নির্দিষ্ট ধর্ম সম্প্রদায় বা তাঁর অনুসারী লোকদের বুঝাতে বাংলা ভাষায় শব্দটি প্রবেশ করেনি। শ্রীকৃষ্ণ বিজয়, চৈতন্য চরিতামৃত ও বাগাত্মিকা পদে 'বাতুল' শব্দেরই প্রাকৃতরূপ হিসাবে 'বাউল' শব্দটি ব্যবহৃত হয়েছে। এই মূল বাতুল অর্থাৎ উন্মাদ, কি ভাবোন্মাদ অর্থ থেকে পরবর্তীকালে একটি বিশিষ্ট ভাবের নিরন্তন আবেগে বাহ্যজ্ঞানশূন্য বা ভাবোন্মাদ বা ধর্মোবাদ, বেশবাস ও আচার ব্যবহারে প্রচলিত সামাজিক রীতি-নীতির বন্ধনমুক্ত, লোকাচার পরিত্যাগী, আত্মকর্ম সমাহিত, উদাসীন ধর্মসাধকগণ বাউল নামে পরিচিত হয়েছে। এখনও অনেক বাউলকে বিশেষত রাঢ় অঞ্চলের বাউলকে 'ক্ষেপ' (ক্ষিপ্ত) নামে অভিহিত করা হয়। (বাউলের সুর, ভারতী ষোড়শ খণ্ড ১২৯৯, পৃ. ৪২১)। রবীন্দ্রনাথ এই ক্ষ্যাপা বাউলের চিত্র এঁকেছেন তাঁর গানে – 'ক্ষ্যাপার প্রতি'।[১২]

'খ্যাপা তুই অছিস আপন খেয়াল ধরে।

সে আসে তোরই পাশে সবাই হাসে দেখে তোরে।

(রবীন্দ্র-সংগীত)

আবার নজরুল এর গানেও এই ক্ষ্যাপা শব্দটা পাই তাঁর বাউল গানে,

'আমি ভাই খ্যাপা বাউল আমার দেউল

... ...

আমার এ প্রাণের ঠাকুর নহে সুদূর

অন্তরে মন্দির ও গেহ।

[১২] ড. মৃদুলকান্তি চক্রবর্তী, লোক সংগীত, প্যাপিরাস, ১৯৯৯, ঢাকা, পৃ. ৩৫।

Dhaka University Institutional Repository

বাউল সাধনা ও আচার-আচরণ সাধারণ মানুষের কাছে কিছুটা অস্বাভাবিক মনে হয়। তাই তারা সর্বদাই আত্মগোপন করে থাকে। এবং সাধারণ জীবন-যাত্রার বাইরে অবস্থিত বলে সাধারণরা তাদের ক্ষ্যাপা বা পাগল সম্বোধন করে। নিজের মধ্যে তারা দেবতাকে খুঁজেন। নজরুল হয়তো সেই আদর্শে তাঁর গানে লিখেছেন, 'আমার এই প্রাণের ঠাকুর নহে সুদূর অন্তরে মন্দির গেহ' অর্থাৎ নিজের মধ্যে নজরুল দেবতাকে ধারণ করতে বা খুঁজতে চেয়েছেন।

বাউলের কাছে তাঁদের দেহভাণ্ডই হলো ব্রাহ্মণ। এই দেহ মন্দিরেরই [The human body is the highest temple of God] তাঁদের 'মনের মানুষ' বা শ্রীকৃষ্ণ, আলেক সাঁই (অলক্ষ্য স্বামী) বা আল্লাহ্, আলেখ নূর (জ্যোতি) বাস করে। জড় দেহের মধ্যে কিভাবে অন্তরের স্বাদ পাওয়া যায় বাউল গান তাদেরই সন্ধান করেন। এই গানে এক বিচিত্র ধরনের দেহ দর্শনও আছে। এ প্রসঙ্গে ড. মৃদুলকান্তি চক্রবর্তী তাঁর লোকসংগীত গ্রন্থে বলেন,

> 'বাউল সাধকদের ধর্মই হচ্ছে তাঁর গান। যা কিছু জ্ঞাতব্য গূঢ়তর তা গানের মাধ্যমেই প্রকাশিত। গানের মাধ্যমেই এরা 'মনের মানুষ' বা আলেক সাঁই (অলক্ষ্য স্বামী) কে খুঁজে বেড়ান নক্ষত্র খচিত আকাশে, পুষ্প শোভিত বনভূমিতে, আপন বাহির, মিলন-বিরহের মাঝে। মানব অন্তরে যে পরম সুন্দর অবস্থান করছেন তিনি অধরা (অধর চাঁদ) ধরা দিয়েও ধরা দেন না। সেই অধরাকে ধরার সন্ধানেরত বাউল কবি।'[১৩]

বাউল গানের এ রূপ আদর্শ নজরুলকে যথেষ্টই প্রভাবিত করেছে তার বাউল গানে তার প্রতিফলন দেখি,

> 'সে থাকে সকল সুখে সকল দুখে
> আমার বুকে অহরহ
> কভু তাই প্রণাম করি বক্ষে ধরি
> কভু তা'রে বিলাই স্নেহ।...'

বা,

> 'অসীম আকাশ হাতড়ে ফিরে
> খুঁজিস রে তুই কাকে?
> (তোর) দূরের ঠাকুর তোরই ঘরে
> কাছে কাছে থাকে।'

---

[১৩] প্রাগুক্ত, পৃ. ৩২।

বাউল এক প্রকার লৌকিক আধ্যাত্ম সাধনা। মনের মানুষ পরম আরাধ্য ও পরম প্রিয় এই দেহেই তার অবস্থান। তাকে চেনার প্রচেষ্টাই বাউল সাধনা। যেমন : লালনের গান 'মিলন হবে কত দিনে আমার মনের মানুষের সনে'। বাউলরা অনেক ভাষা রূপকের মাধ্যমে প্রকাশ করে। যা ঐ তন্ত্রের সাধক ছাড়া সাধারণ মানুষের বোধগম্য নয়। এই আদর্শে নজরুলের বাউল গান, 'নাচে গায় আমার সাথে একতারাতে, কেউ বোঝে বোঝে না কেহ'। এখানে বাউলের গুপ্ত সাধন তত্ত্বকেই বুঝিয়েছেন। বাউলদের প্রতি শ্রদ্ধাশীল কবি-মনই যেন ক্ষ্যাপা বাউল। বাউল সম্প্রদায়রা সদাই আত্মভোলা। অনেক বাউল আছে যারা গৃহত্যাগী, সন্ন্যাসী অবার কেউ বা সংসারী।

বাউলের এই আদর্শেই হয়তো নজরুল লিখেছেন,

'অমি ডুরি ছেঁড়া ঘুড়ির মতন
চলছি উড়ে প্রাণময়।...
ছুটি উর্ধ্বশ্বাসে ঝড় বাতাসে
পড়ব কোথায় কেমনে কই ॥

বা

আমি বাউল হলাম ধূলির পথে
লয়ে তোমার নাম।

উদার মানবিকতাই বাউল সাধনার মূল। তাঁরা সাম্য ও প্রেমের সুউচ্চ মিনারে বসেই সাধনা করেন। এই গানই তাদের সর্বস্ব। এই গানই তাঁদের মন্ত্র। এই গানেই তাঁরা তাদের সাধনতত্ত্ব, তাঁদের দর্শন ও সাধ্যবৈশিষ্ট্য সরল-সোজা অথচ পারিভাষিক ভাষায় প্রকাশ করে। এর তাৎপর্য বা গূঢ়ার্থে এই সম্প্রদায়ীরাই সম্যকভাবে বোঝেন। এই বাউল গান যেমন একদিকে শিল্প রসের বিচারে বিচিত্র গীতি রসসিক্ত ও প্রতীকধর্মী বলে উচ্চ প্রশংসা দাবি করতে পারে, তেমনি এর পশ্চাদ পটে এক প্রকার বিশেষ ধরনের আচার-আচরণ মূলক কৃত্য ও সাধনা আছে এবং সেই সাধনার মূলতত্ত্ব যোগতান্ত্রিক দর্শনের উপর প্রতিষ্ঠিত' [বন্দ্যোপাধ্যায় : প্রাগুক্ত, পৃ. ৩৬০-১] তাই বলা হয়েছে এগুলো তাত্ত্বিক রচনা – তত্ত্বসাহিত্য এ একাধারে 'ধর্মশাস্ত্র ও দর্শন, সাধন সংগীত ও ভজন, গান ও গীতি-কবিতা। তথাপি ভাষায়, অঙ্গিকে ও ভঙ্গিতে এগুলো আমাদের লোক-সাহিত্যেরই অন্তর্গত'। [শরীফ : প্রাগুক্ত, পৃ. ১১]

নজরুলের বাউল গানগুলো পর্যালোচনা করলে দেখতে পাই 'বাউল' দর্শন প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে নজরুলকে যথেষ্ট প্রভাবিত করেছে।

১. ভবের এই পাশা খেলায় খেল্‌তে এলি, হায় আনাড়ি।
হাতে তোর দান পড়ে না
হাত খোলে না তাড়াতাড়ি।...

২. পথ ভোলা কোন্ রাখাল ছেলে
সে এক্‌লা বাটে শূন্য মাঠে
খেলে বেড়ায় বাঁশী ফেলে' ॥...

Dhaka University Institutional Repository

৩. গেরুয়া রঙ মেঠো পথে বাঁশরি বাজিয়ে যায়
সুরের নেশায় নুয়ে প'ড়ে ভূঁই কদম তার পায়ে জড়ায় ॥

৪. অসীম আকাশ হাতড়ে ফিরে
খুঁজিস রে তুই কাকে?
(তোর) দূরের ঠাকুর তোরই ঘরে
কাছে কাছে থাকে।

৫. অমি ভাই ক্ষ্যাপা বাউল

৬. এই বিশ্বে আমার সবাই চেনা
কেউ অচেনা নাই ....

৭. ওহে রাখাল রাজ!
কি সাজে সাজালে আমায় আজ!

৮. ভালবেসে অবশেষে কেঁদে দিন গেল
ফুল শয্যা বাসি হ'ল বঁধু না এল।

বাউল অঙ্গের এই গানগুলোতে স্পষ্টই বোঝা যায় বাউল গানের ভাব দর্শন কবিকে কত বেশী অনুপ্রাণিত করেছে। কত একাত্ম হয়ে গেছেন বাউল দর্শনে।

'বাউল গান প্রসঙ্গে মৃদুলকন্তি চক্রবর্তী তাঁর 'গানের ঝরণাতলায়' গ্রন্থের ১৪ পৃষ্ঠায় লিখেছেন, বাউল গানের সুনির্দিষ্ট কোন সুর নেই অর্থাৎ বাউল সুর বলে কোনো সুনির্দিষ্ট সুররূপ নেই। মূলত লোকসুর বিশেষত ভাটিয়ালি এবং রাগ সংগীতের কশৌলী ঝিঁঝিটের সুর বাউল গানে লক্ষ্য করা যায়। পদ্মা পাড়ের বাউল গানে ভাটিয়ালি সুরের প্রাধান্য দেখা যায়। অঞ্চল ভেদে একই বাউল গান ভিন্নভাবে আঞ্চলিক সুরে তথা লোকসুরে গীত হয়। যেমন – লালন রচিত 'খাঁচার ভিতর অচিন পাখি ' গানটি কুষ্টিয়া অঞ্চলে ত্রিমাত্রিক ছন্দে শুদ্ধ স্বরে গীত হয়। আবার বীরভূম অঞ্চলে চতুর্মাত্রিক ছন্দে ভৈরবী ঠাটে গানটি গাওয়া হয়ে থাকে। সেজন্য বাউল গানের সুনির্দিষ্ট সুররূপ বা কাঠামো নেই। রামপ্রসাদী গান যেমন রামপ্রসাদী সুরে রচিত, তার একটি সুররূপ আছে, যা শুনলে বোঝা যায় রামপ্রসাদী গান।' আবার রবীন্দ্রনাথ রচিত বাউল গান শুনলে বোঝা যায় রবীন্দ্র রচিত বাউল অঙ্গের গান, ঠিক তেমনি নজরুলের বাউল গান শুনলে বোঝা যায় এটা নজরুলের রচিত। তাঁর গানগুলোতে আমরা পাই বাউল গানের সহজ সরল সুর ও ছন্দের স্বাচ্ছন্দ গতি।

নজরুলকৃত স্বররূপের সাথে প্রচলিত বাউল সুরের কাঠামোর অপূর্ব সাদৃশ্য আমরা দেখতে পাই তাঁর গানে। 'ধা ধা সা সা ন্া, ন্া ন্া সা, গা মা রা সা, সা জ্ঞা জ্ঞা, র্সা ণা দা' এই সুরের চলন বাউল গায়কীকে সুব্যক্ত করে দেয়। 'ধসস, সসর, গপপ' এই স্বরবিন্যাস নজরুলের 'আমি ভাই ক্ষ্যাপা বাউল' গানটিতে দেখতে পাই,

				০				+				০						
-া	-া	ধা	|	সা	সা	রা	I	গা	পা	-া	|	ধা	না	না	I	ধা	পা	া |
০	০	আ		মি	ভা	ই		ক্ষ্যা	পা	০		বা	উ	ল		আ	মা	র

					+				০				+				০			
|	ধা	পা	-া	I	গা	মা	গা	|	রা	সা	রা	I	গা	মা	গা	|	রা	সা	-া I
	দে	উ	ল		আ	মা	০		রি	এ	ই		আ	প	ন		গে	হ	০

'আমি ভাই ক্ষ্যাপা বাউল' গানটির রচনা প্রসঙ্গে আবদুল আজীজ-আল-আমান তার সম্পাদিত 'নজরুলগীতি – অখণ্ড' গ্রন্থে গীতি উৎসে উল্লেখ করেন,

> শরৎচন্দ্রের 'চরিত্রহীন' উপন্যাসটির নাট্যরূপ দিয়েছিলেন শ্রীশান্তিপদ সিংহ – ইনি 'ধূমকেতু'র কর্ম সচিব ছিলেন। এই নাটকে দৃশ্য পরিবর্তনের সময়টুকু আনন্দদায়ক করার জন্য নায়ক সতীশের মেসে এক ভিখারীকে উপস্থিত করেছিলেন নাট্যকার। তার জন্য গান দরকার। শান্তিপদ কবিকে অনুরোধ জানাতে পাত্র, পরিবেশ এবং পরিস্থিতি অনুযায়ী নজরুল লিখেছিলেন বাউল সুরের এই অপূর্ব গান – 'আমি ভাই ক্ষ্যাপা বাউল, আমার দেউল ...'। গানটি কবির বনগীতি ও 'চন্দ্রবিন্দু' উভয় গ্রন্থেই স্থান পেয়েছে।

নজরুলের বাউল গানে ত্রিমাত্রিক এবং চতুর্মাত্রিক উভয় ধরনের ছন্দের ব্যবহার দেখা যায়। যেমন,

আমি ভাই ক্ষ্যাপা বাউল	– লোফা
ভবের এই পাশা	– লোফা
পথ ভোলা কোন	– লোফা
ওহে রাখাল	– খেমটা
ভালবেসে অবশেষে	– কার্ফা
আমি ডুরি ছেড়া	– কার্ফা
গেরুয়া রঙ শাড়ি	– নবতাল

প্রচলিত বাউল গানে ছন্দবদ্ধ সহজ গতি বিদ্যমান এবং অন্যান্য লোক সংগীত যেমন, ভাওয়াইয়া, জারি-সরি, ভাটিয়ালি ইত্যাদির তুলনায় বাউল গান বেশী ছন্দবদ্ধ। এর কারণ হিসাবে বলা যায় বাউল গান বাউলরা নৃত্য করে বা শরীর দুলিয়ে গান করে তখন স্বাভাবিক ভাবেই একটা ছন্দের প্রয়োজন হয়।

সহজ ভাষা ও সুরের সঙ্গে ছন্দ ও সহজ হওয়া স্বাভাবিক। সেজন্য বাউল গানে সাধারণত ত্রিমাত্রিক ছন্দ দাদরা, লোফা, খেমটা বা চতুর্মাত্রিক কাহারবা জাতীয় ছন্দ পাওয়া যায়। নজরুলের গানেও এর প্রতিফলন দেখতে পাই যা পূর্বে উল্লেখিত।

বাউল গান সাধারণত চারটি অংশ স্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ থাকে। কিন্তু স্থায়ীর পর অন্তরা, সঞ্চারী ও আভোগ প্রায় একই সুরে গীত হয়। কিন্তু নজরুল সৃষ্ট বাউল গানে এর ব্যতিক্রম দেখা যায়। তার সৃষ্ট বাউল গঠন প্রণালীর সাথে মিল রেখে কবি গানগুলো রচনা করলেও এখানে তাঁর স্বতন্ত্র বৈশিষ্ট্য ফুটে ওঠে। তাঁর প্রতিটি গানের সঞ্চারীর সুরে ভিন্নতা এনেছেন।

নজরুলের অন্যান্য পর্যায়ের গানেও বাউল সুরের আভাস পাই। যেমন : 'আমার দেশের মাটি ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি' ৩-৩ ছন্দে দাদরা তালে রচিত এই দেশাত্মবোধক গানটির কাব্যে পুরোপুরিভাবে দেশাত্মবোধ ফুটে উঠেছে, আর সুরে রয়েছে বাউল গানের সুস্পষ্ট আমেজ।

					+				০				+				০			
|	-া	গা	গমা	II	পা	না	-া	|	র্সা	নর্সা	-র্রা	I	র্সা	না	-া	|	ধা	পধা	-ণা	I
		ও	ভাই		খাঁ	টি	০		সো	না০	র্		চে	য়ে	০		খাঁ	টি০	০		

	+				০				+				০			
I	ধা	পা	-া	|	মা	গা	-মা	I	রা	গা	-া	|	-া	-া	-া	I
	আ	মা	র্		দে	শে	র্		মা	টী০	০		০	০	০	

এই স্বর বিন্যাস থেকেই বোঝা যায় গানটিতে বাউলের পুরো আমেজ বিদ্যমান।

আবদুল আজীজ আল আমান সম্পাদিত নজরুল-গীতি অখণ্ডে তিনি বাউল গানগুলোকে বিভিন্ন পর্যায়ে বিন্যস্ত করেছেন। লোকগীতি পর্যায়ে তো করেছেনই পাশাপাশি কাব্যগীতি, ভক্তিগীতি, দেশাত্মবোধক, রাগপ্রধান, হাসির গান ইত্যাদি পর্যায়ে বিন্যস্ত করেছেন। নিম্নে কয়েকটি উদাহরণ দেওয়া হলো :

- ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি – দেশাত্মবোধক
- আমার প্রাণের দ্বারে ডাক দিয়ে কে যায় – কাব্যগীতি
- আলো আঁধারে ফুটলে যে ফুল – কাব্যগীতি
- কার বাঁশরী বাজিল মেঠো সুরে – কাব্যগীতি
- সাগর আমায় ডাক দিয়েছে – কাব্যগীতি
- পথে পথে কে বাঁজিয়ে চলে বাঁশী – ভক্তিগীতি
- বিজন গোঠে কে রাখাল বাজায় বাঁশী – ভক্তিগীতি
- মা এসেছে মা এসেছে (ভাটিয়ালি মিশ্র) – ভক্তিগীতি
- মা ষষ্ঠী গো তোর গুষ্ঠির পায়ে পড়ি – হাসির গান

নজরুলের বাউল গানের সংখ্যা তাঁর অন্যান্য লোক আঙ্গিক গানের তুলনায় কম হলেও তা আপন বৈশিষ্ট্যে সমুজ্জ্বল।

ঘ. ভাওয়াইয়া

উত্তর বঙ্গের সবচেয়ে জনপ্রিয় ও বহুল প্রচলিত গান হল ভাওয়াইয়া। কেউ কেউ ভাওয়াইয়াকে 'ভাবের গান' বলে আখ্যায়িত করেন। ভাব থেকে ভাওয়াইয়া কথাটির উৎপত্তি বলেই ধরে নেয়া হয়েছে। এ গানের কথায় জীবনের সুখ-দুঃখ, আশা-আকাঙ্ক্ষা ও স্বপ্নের কথা ফুটে ওঠে। তবে এসব গানে নিরাসক্ত উদাসভাব অর্থাৎ বিরহ ভাবটাই প্রবল। ভাওয়াইয়া গান সম্পর্কে কবির নিজের উক্তি 'জানিনা এ গানের সুরের কি মায়া; আমার মন চলে যায় কোন্ পাহাড়িয়া দেশের সবুজ মাঠের আঁকা-বাঁকা আলোর প্রান্তিকে; উপপ্রান্তিকে।' এই জাতীয় গানের এক প্রধান বৈশিষ্ট্য হলো যে, গানের পংক্তি বিশেষের সুরে দীর্ঘটান দেয়া হয় এবং এই সুরের টানের শেষ ভাগে গলার সুরে ইচ্ছাকৃতভাবে ধাক্কা জনিত এক ভাঙনের সৃষ্টি হয়।

বাংলাদেশের রংপুর, দিনাজপুর উত্তর বঙ্গের কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং জেলার সমভূমি অঞ্চলে দোতারার সঙ্গে ভাওয়াইয়া শ্রেণীর গানের প্রচলন দেখতে পাওয়া যায়। আর যারা এই গান পরিবেশন করেন তাদের 'বাউদিয়া' বলে। অনেকে বলেন 'বাউডা' বা বিবাগী কথা থেকেই 'বাউদিয়া' শব্দের উৎপত্তি এবং 'ভাব' থেকেই 'ভাওয়াইয়া' কথাটা এসেছে। এ গানের ভিতর একাধিক আধ্যাত্মবাদ, মনস্তত্ত্ব সব কিছুই পাওয়া যায়। তবে এর অল্প বিস্তর সব গানেই পরকীয়া প্রেমের আধিক্য

Dhaka University Institutional Repository

বড় বেশি রকমের। অনেকে হয়তো বাউদিয়া শ্রেণীর গানের এই পরকীয়া প্রেমের রূপটি রাধা-কৃষ্ণের উপর চাপিয়ে দিয়ে নিশ্চিন্ত হবেন কিন্তু আদৌতে তা নয়। বাউদিয়ার গান সমাজ সংস্কারমুক্ত। আদিবাসীদের গানের মতই মুক্ত বিহঙ্গ প্রেম ও বিরহ সংগীতই এখানে প্রাধান্য পায়। পাশাপাশি যৌথভাবে সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে, বিবাহ উৎসবে, শ্রমকার্য সম্পাদনে এই গান যতেষ্ট প্রচলিত। এই ভাওয়াইয়া গানের অন্তর্গত হলো 'গাড়োয়ালী', 'মৈষাল' ও 'চটকা' গান।

ভাওয়াইয়া গানকে জানতে হলে রংপুর ও দিনাজপুর অঞ্চলের বাউদিয়া সম্প্রদায় সম্পর্কে প্রথমে জানা প্রয়োজন। এই সম্প্রদায় দিনাজপুর, রংপুর ও কুচবিহার অঞ্চলে বেশী দেখতে পাওয়া যায়। এরা সাধারণত ঘর বাঁধতে পছন্দ করে না। কোন সামাজিক সংস্কারেরও বড় একটা ধার ধারে না। এদের সাধন পদ্ধতি, জীবন-যাত্রা প্রণালী সবই যেন সাধারণ জনগোষ্ঠীর থেকে কিছুটা পৃথক। এরা একাধারে বাউলের মতো আত্মভোলা কিন্তু তাই বলে সংগীতগুলি ঠিক সেই অনুপাতে আধ্যাত্মভাবে সমৃদ্ধ নয়। আবার ভারতের পূর্ববঙ্গের উদাসী সম্প্রদায়ের সঙ্গেও এদের প্রচুর মিল খুঁজে পাওয়া যায়, তাই এদের গানে বৈষ্ণবের মতো বিচ্ছেদ, অন্তরা, পূর্বরাগ ও পরকীয়া প্রেমের ও সন্ধান পাওয়া যায়। কিন্তু তাই বলে কোন নির্দিষ্ট মূর্তি বা গণ্ডীর মধ্যেও এদের আটকানো যায় না। এরা সারা জীবন এদের প্রেমের দেবতাকে খুঁজে বেড়ায় গানের মধ্য দিয়ে। হয়তো জীবনের শেষ দিন পর্যন্তও এদের এই খোঁজার শেষ হয় না। তাই এরা ঘুরে বেড়ায় পথে পথে, মাঠে-ঘাটে, গ্রাম থেকে গ্রামান্তরে। সে কারণে তাদের ঘর বাঁধার কোন আকাঙ্ক্ষা থাকে না। যদিও কখনও তারা আস্তানা গড়ে কিন্তু তা দীর্ঘস্থায়ী হয় না। দু'দিন ঘর করতে না করতেই যেন হাঁপিয়ে ওঠে। প্রতিনিয়তই যেন কান খাড়া করে থাকে বাঁশীর সুরের অপেক্ষায়। দূর হতে আগত বাঁশীর সুরের মূর্ছনায় ভুলে যায় তাদের ঘরের কথা। হাতের কাজ যাই থাকুক না কেন ফেলে দিয়ে ছুটে যায়, বেরিয়ে পড়ে ঘর থেকে। এদের ভিতর তাই বিরহ-ব্যথাটাই দীর্ঘস্থায়ী হয় এবং এই সম্প্রদায়ের ভেতর প্রচলিত ধর্ম নিয়ে কোন ভেদাভেদ নাই। তাই এদের গানে বাউল, বৈষ্ণব এবং সাঁই, দরবেশ ও সুফীদের ভাব ও সুর এক হয়ে মিশে গেছে। বাউদিয়া হচ্ছে একটা সম্প্রদায় মাত্র, জাত নয়। এই খেয়ালী বাউদিয়া আপন মনের মাধুরী মিশিয়ে যে গীত ও লহরী রচনা করে তারই নাম দেয়া হয়েছে ভাওয়াইয়া।

প্রখ্যাত শিল্পী আব্বাসউদ্দীন আহমদের জন্মভূমি কুচবিহারে। আর ভাওয়াইয়ার জন্য কুচবিহার বিখ্যাত। 'আমার শিল্পী জীবনের কথা' গ্রন্থে (পৃ. ৪৯) আব্বাসউদ্দীন আহমদ লিখেছেন,

Dhaka University Institutional Repository

> 'আমার ভাওয়াইয়া গান কাজিদা খুব পছন্দ করতেন। তাই – 'নদীর নাম সই কচুয়া, মাছ ধরে মাছুয়া' আর 'তোরষা নদীর পার পারে লো দিদি লো, ঘান সাই নদীর পারে' এ দু' খানা গানের সুরে তিনি মেগাফোনের জন্য লিখলেন, 'নদীর নাম সই অঞ্জনা, নাচে তীরে খঞ্জনা' আর, 'পদ্মা দীঘির ধারে ধারে' এ দু'খানা গান। ... কাজীদার রচনা ও গ্রাম্য সুরে আমি প্রথম নাম করি 'পল্লী গীতির গায়ক হিসাবে আমার নাম যখন বেশ কিছুটা ছড়িয়ে পড়েছে তখন পল্লী কবি জসীমউদদীন নিজে থেকেই একদিন আমার সাথে দেখা করতে এলেন। আমার 'নদীর নাম সই অঞ্জনা নাচে তীরে খঞ্জনা' শুনে তিনি আমার উদ্দেশ্যে কবিতা রচনা করেছিলেন, 'কোন অঞ্জনা তীরে খঞ্জনা পাখী'।

এ প্রসঙ্গে 'নজরুল-গীতি – অখণ্ড' গ্রন্থে আবদুল আজিজ-আল-আমান (পৃ. ৪৮৫) গীতি উৎসে উল্লেখ করেন,

> একদিন রিহার্সেল রুমে বসে আব্বাসউদ্দীন আহমদ আপন মনে এই ভাওয়াইয়া গানটি গাইছিলেন, 'নদীর নাম সই কচুয়া, মাছ ধরে মাছুয়া, মুইনারী দিচোঙ ছ্যাকা পাড়া'। কবি দরজার পাশে দাঁড়িয়ে গানটি শুনে তার সুরে মুগ্ধ হলেন। তিনি আব্বাসউদ্দীনকে বার বার গানটি গাইতে বললেন। তাঁর মনে তখন একই সুরের কাঠামোয় নতুন জন্ম নিয়েছেন। অল্পক্ষণের মধ্যেই তিনি লিখে ফেললেন এই গানটি – সম্ভবত এটাই ভাওয়াইয়া সুরে রচিত নজরুলের প্রথম গান। কবির 'বন-গীতি' গ্রন্থে গানটি প্রথম স্থান পায়। আব্বাসউদ্দীনের কণ্ঠে মেগাফোনে রেকর্ড হয়। সংখ্যা জে.এন.জি. ৬।'

একই গ্রন্থে গীতি উৎস 'এ পদ্মা দীঘির ধারে ধারে ও প্রসঙ্গে উল্লেখ করেন, 'আব্বাসউদ্দীনের কণ্ঠে 'তেরষা নদীর পারে পারে' এই ভাওয়াইয়া গানটি শুনে নজরুল একই সুরে 'পদ্মা দীঘির ধারে ধারে ও' গান রচনা করেন। এটিতেও মেগাফোনে কণ্ঠ দেন আব্বাসউদ্দীন আহমদ। সংখ্যা জে.এন.জি. ৬। আব্বাসউদ্দীনের মতে, এর পর থেকেই পল্লীগীতি রচনায় নজরুলের বৈশিষ্ট্য ফুটে ওঠে।

তার মানে এ কথা স্পষ্ট হয় যে, আব্বাসউদ্দীন সাহেবের ভাওয়াইয়া গানে বিশেষ আকৃষ্ট হয়েই নজরুল ভাওয়াইয়া গান রচনা করেন এবং উক্ত গানা রচনা করেন এবং আব্বাসউদ্দীন-কে দিয়ে গানগুলি রেকর্ড করে বিশাল জনপ্রিয়তা লাভ করেন।

নজরুলের উল্লেখযোগ্য কয়েকটি গান –

Dhaka University Institutional Repository

১. নদীর নাম সই অঞ্জনা
নাচে তীরে খঞ্জনা
পাখী সে নয়, নাচে কালো আঁখি।

২. পদ্মা দীঘির ধারে ঐ
সখি লো কমল দীঘির ধারে
আমি জল নিতে যাই
সকাল সাঁঝে সই ...

ঙ. ভাটিয়ালি

নদীমাতৃক বাংলাদেশে নদী নির্ভর জীবনের আলেখ্য ও কাহিনীর এক সুন্দর অভিব্যক্তি দেখতে পাওয়া যায় এই ভাটিয়ালি গানে। মাঝি-মাল্লার দ্বারা সৃষ্ট এ গান সবার প্রিয়। নদীতে ভাটির স্রোতে নৌকা প্রবাহিত হওয়ার সময় গীত হয় বলেই একে ভাটির গান বা ভাটিয়ালি বলা হয়। ভাটার স্রোতের টানে কিংবা পালে হাওয়া লাগার ফলে নৌকা ভেসে চলার সময় হালের কাছে মাঝিরা গান গেয়ে তাদের অলস মুহূর্ত কাটিয়ে থাকে। লম্বাটান গানের অন্তর্নিহিত আবেদনকে নিংড়ে বের করতে সাহায্য করে। এই গাওয়ার মধ্যে ব্যক্ত হয় তাদের জীবনের আশা-আকাঙ্ক্ষা, স্বপ্ন, সুখ-দুঃখ, আনন্দের বেদনানুভূতি। নদী ও হাওড় প্রধান পূর্ব ময়মনসিংহ ও সিলেটের নিম্ন অঞ্চলে এই গান বিশেষভাবে প্রচলিত। ভাটিয়ালি গানের ভাব গম্ভীর কথায় সব ক্ষেত্রেই শব্দ চাতুর্য বা উৎকৃষ্ট কবিত্বের পরিচয় না থাকলেও সেখানে মানুষের মনের আকুতি ও সাধারণ জীবনের কথাই স্পষ্ট মূর্ত হয়ে ওঠে। অনেক সময় মাঠে প্রান্তরে কিংবা বটের ছায়ায় রাখালিয়া উদাস সুরে ভাটিয়ালি গান গেয়ে থাকে। লোক সংগীতের অন্যান্য ধারায়ও ভাটিয়ালির যথেষ্ট প্রভাব লক্ষ্য করা যায়।

ভাটিয়ালি মূলত পূর্ব বাংলার গান অর্থাৎ ঢাকা, ময়মনসিংহ, সিলেট, ত্রিপুরা অঞ্চলে এ গানের দীর্ঘকালের ঐতিহ্য আছে। তাটিয়ালি গানের সংজ্ঞা দিতে গিয়ে ড. ওয়াকিল আহমদ বলেন তার 'ভাটিয়ালি' গ্রন্থে,

ভাটিয়ালি সারি গানের মত নদী, নৌকা, মাঝি কেন্দ্রিক গান। উভয় গানের বিষয়বস্তু লৌকিক ও আধ্যাত্মিক প্রেম, রাধা-কৃষ্ণের লীলা ইত্যাদি কিন্তু এ মিল বাইরের অভ্যন্তরে উভয় গানের মধ্যে বিস্তর পার্থক্য আছে। সারী গান নৌকার মাঝি-মাল্লার শ্রম সংগীত, আর ভাটিয়ালি নৌকার মাঝির শ্রমহীন অবসর কালের সংগীত। ...

নদীর মন্থন স্রোতের টানে নৌকা ভাসিয়ে দিয়ে মাঝি একক কণ্ঠে ভাটিয়ালি গায়। ছইয়ের উপর বসে কেবল নৌকার হাল আলাতো ভাবে ধরে থাকা ছাড়া মাঝির আর অন্য কাজ থাকে না।[১৪]

ভাটিয়ালির নামকরণ প্রসঙ্গে বিভিন্ন জন বিভিন্নভাবে ব্যাখ্যা দেন। কেউ বলে, নদীর ভাটির স্রোতের টানে বেয়ে চলার সময়কার মাঝির গান ভাটিয়ালি। কেউ বলে, বাংলার ভাটি অঞ্চলের নৌকা মাঝির গান হল ভাটিয়ালি গান। আশরাফ সিদ্দিকী বলেন,

'নদীর ভাটি দিয়ে নৌকা বেয়ে যেতে সাধারণত নৌকার মাঝিগণ যে গান গাইত তাকেই ভাটিয়ালি বলা হত। দিগন্তব্যাপী নদীর শূন্যতার উপর নায়ের বাদাম উড়িয়ে একক ভাবেই এ গান গাওয়া হত – যন্ত্রের কোনই ব্যাপার ছিল না। দিগন্তব্যাপী ঢেউএর উপর 'মন মাঝি তোর বৈঠা নে রে আমি আর বাইতে পারলাম না' প্রভৃতি গানের কলিগুলো যখন ছড়িয়ে পড়তো তখন তা চিত্তনদীতেও ভাবের তুফান তুলতো।[১৫]

নির্মলেন্দু ভৌমিকের বক্তব্য,

ভাটির টানে নৌকা ছেড়ে দিলে বিনা আয়াসে নৌকা চলতে থাকে। এই 'অনায়াস' এবং তজ্জাত 'অবসর'ই ভাটিয়ালির রচনাগত উৎস। ... ভাটিয়ালি গান যতো না নদী-প্রান্তরের গান, তার চেয়ে কোনো বিশেষ একটি অঞ্চলের [যেমন পূর্ব বঙ্গীয় অঞ্চল] গান। এই অর্থে ভাটিয়ালি বিশেষভাবে পূর্ববঙ্গের গান, যে পূববঙ্গ পশ্চিম বঙ্গের তুলনায় নিম্নভূমি এবং সেই কারণেই নদী হাওড়ে পরিপূর্ণ।[১৬]

আশুতোষ ভট্টাচার্য 'নদীর ভাটি' ও 'ভাটি অঞ্চল' উভয়ের গুরুত্ব স্বীকার করেছেন। তিনি বলেন,

ভাটি অঞ্চলের সংগীত বলিয়া ইহার নাম ভাটিয়ালি, ইহাই সাধারণের বিশ্বাস। বাংলাদেশের নিম্নভূমি অর্থাৎ সাধারণত যে সকল অঞ্চল বর্ষায় জলমগ্ন হইয়া যায়,

১৪ ড. ওয়াকিল আহমদ, বাংলা লোক সংগীত : ভাটিয়ালি গান, ১৯৯৭। পৃ. ১৩।

১৫ আশরাশ সিদ্দিকী, লোক-সাহিত্য, দ্বিতীয় খণ্ড, ১৯৯৫ (পরিমার্জিত সংস্করণ), পৃ. ১০০।

১৬ নির্মলেন্দু ভৌমিক, 'ভাটিয়াল – ভাটিয়াল গান', লোক সংস্কৃতি গবেষণা, ৭ম বর্ষ, ৪র্থ সংখ্যা, মাঘ-চৈত্র, ১৪০১, কলিকাতা, পৃ. ৩৭৮।

তাহাই ভাটি বলিয়া পরিচিত। প্রকৃতপক্ষে ভাটিয়ালি এই অঞ্চলের সর্বাপেক্ষা জনপ্রিয় লোক সংগীত।...

এক দিকে নদী কিংবা জলাভূমির বিস্তার আর একদিক দিয়া ইহার অলস মন্থর গতি, এই উভয়ের সহযোগেই ভাটিয়ালির উদ্ভব হইয়া থাকে, এই অবস্থান মধ্য দিয়াই মাঝি কর্মে যথার্থ অবসর লাভ করিতে পারে, এই অবসরের মুহূর্তই ভাটিয়ালি পক্ষে অনুকূল মুহূর্ত। সেইজন্য নদীর ভাটিতে নৌকা ছাড়িয়া দিয়া অলস বৈঠাটি এক হাতে স্থির ধরিয়া রাখিয়া মাঝি এই গান গাহে বলিয়াই ইহা ভাটিয়ালি বলিয়া পরিচিত।[১৭]

শৈলেন্দ্র বিশ্বাস উল্লেখ করেন বাংলা অভিধানে 'ভাটি' শব্দের ভাবার্থে 'আল' প্রত্যয় যোগ করে 'ভাটিয়াল' অতঃপর 'ভাটিয়ালি' শব্দ গঠিত হয়েছে। 'উজান বাঁকে যায়রে বন্ধু, ভাইটাল বাঁকে ঘর।' ভাটিয়ালি গানের একটি চরণ; নদীর নিম্নদিক অর্থে ভাইটাল<ভাটিয়াল পদটি ব্যবহৃত হয়েছে। 'ভাটি' দেশজ 'ভাটা' শব্দজাত অর্থ 'নদীর স্বাভাবিক স্রোতের দিক'।[১৮]

পূর্ব বঙ্গের যে সমস্ত অঞ্চল বর্ষাকালে জলমগ্ন হয়, নদীগুলো কানায় কানায় পরিপূর্ণ হয়ে যায় সেইসব অঞ্চল 'ভাটি' নামে অঞ্চল। অর্থাৎ পূর্বাঞ্চলের নিম্নভূমিকে ভাটির অঞ্চল নৌকা ছাড়া চলাচলের কোন উপায় থাকে না। এসব অঞ্চলে শুধু গ্রামগুলো জেগে থাকে আর চারিদিকে অথৈ পানি। পদ্মা, মেঘনা ও যমুনা এই প্রধান তিনটি নদীই পূর্ববঙ্গের উপর দিয়ে প্রবাহিত। বিভিন্ন স্থানে যাতায়াত, ব্যবসা, বাণিজ্য, পণ্যের লেনদেন নদী পথেই সম্পন্ন হয়। সেই কারণে এই ভাটি গান পদ্মা, মেঘনা, যমুনা ইত্যাদি নদীর কথা বেশী প্রচলিত। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কৈশোর, যৌবন এবং নজরুল যখন সুস্থ ও কর্মক্ষম ছিলেন তখন বাংলাদেশের বিভিন্ন সভা সমিতি, সম্মেলন, উদ্বোধন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে বেশ কয়েকবার বাংলাদেশে এসেছিলেন। বাংলাদেশে (পূর্ববঙ্গ) অবস্থানকালে বাংলা মায়ের শ্যামলা বরণ প্রকৃতির অপরূপ রূপ কবিকে বিমোহিত করেছিল। এক জায়গা থেকে অন্য জায়গাতে যাতায়াতের পথে নদীমাতৃক বাংলার নদী-নালা-খাল-বিল সুজলা-সুফলা শস্য-শ্যামল প্রান্তর শাপলা-শালুক সবকিছু মিলিয়ে এই সোনার বাংলা কবির হৃদয়ের গভীরে স্থান করে নিয়েছিল। মাঝি-মাল্লার গান নজরুলের ভাটিয়ালি অঙ্গের গান রচনার একটা বড় প্রেক্ষাপট।

---

১৭ আশুতোষ ভট্টাচার্য, বাংলার লোক সাহিত্য, তৃতীয় খণ্ড, কলিকাতা, ১৯৬৫, পৃ. ৩৩৪।

১৮ শৈলেন্দ্র বিশ্বাস (সংকলিত), সংসদ বাঙ্গালা অভিধান, কলিকাতা, ১৯৬৪, পৃ. ৬৩৩।

Dhaka University Institutional Repository

নজরুলের ভাটিয়ালি গানেও পদ্মা নদীর কথা পাই। তাঁর অনবদ্য সৃষ্টি 'পদ্মার ঢেউ রে...' গানটিতে দেখতে পাই, কিভাবে কাব্য মাধুর্যে তিনি পদ্মার ঢেউএর কাছে আকুতি জানিয়েছেন, তাঁর পরাণ বঁধুর কাছে সংবাদ পৌঁছে দেয়ার,

পদ্মার ঢেউ রে –
মোর শূন্য হৃদয় পদ্ম নিয়ে যা, যা রে
এই পদ্মে ছিল রে যার রাঙা পা ... ...
যদি দেখিত তারে,
দিস এই পদ্ম তার পায়
বলিস, কেন বুকে আশার দেয়ালি জ্বালিয়ে
ফেলে গেল চির-অন্ধকার ॥

অনবদ্য এই ভাটিয়ালি রচনায় তিনি স্থায়ীতে নদীর ঢেউয়ের উপমা ব্যবহার করেছেন। সঞ্চারীতে বঁধুয়ার রূপ কৃষ্ণের সাথে তুলনা করেছেন। কৃষ্ণ রূপসম প্রেমানল জ্বালিয়ে প্রেমের মানুষকে দূরে ঠেলে দেয় – এ যেন এ কালের প্রেমমুগ্ধ নর-নারীর জীবন কথা।

নজরুলের আর একটি ভাটিয়ালিতেও পদ্মা নদীর সাথে নিজের হৃদয় কম্পনের তুলনা করেছেন –

বন্ধু! দেখলে তোমায় বুকের মাঝে
জোয়ার ভাটা খেলে।
... ...
আমার পাড়ায়, বন্ধু তোমার
নাম যদি লয় কেউ
বুকে আমার দুলে ওঠে
পদ্মা নদীর ঢেউ। ... ...

নজরুলের ভাটিয়ালি অঙ্গের গানে মেঘনা নদীর কথাও পাই –

বন বিহঙ্গ! যাও রে উড়ে মেঘনা নদীর পাড়ে
দেখতে হলে আমার কথা কইও গিয়া তারে।

ঘুমতী নদীর কথাও এসেছে নজরুলের গানে –

মেঘ বরণ কন্যা থাকে
মেঘলা মতীর দেশে। ... ...
বসে থাকে পা ডুবিয়ে ঘুম্‌তী নদীর জলে।

Dhaka University Institutional Repository

ভাটিয়ালি গানের উদ্ভব উৎস সম্বন্ধে ড. ওয়াকিল আহমদ তার 'বাংলা লোক সংগীত : ভাটিয়ালি গান' (পৃ. ২১) গ্রন্থে লিখেছেন,

> 'ভাটিয়ালি গানের যেমন উৎসভূমি আছে, তেমনি উদ্ভব কালও আছে। এর বিষয়ের বৈচিত্র্য নেই। সুরেরও বৈচিত্র্য নেই; তবে ভাবের গভীরতা ও সুরের মাধুর্য আছে। উদাসী ভাবের করুণ বিষাদের সুর বলে তা মধুরতম আবেদন সৃষ্টি করে।'[১৯]

ভাটিয়ালি গানের মধ্যে সাধারণত তিন ধরনের বিষয়-বৈচিত্র্য দেখতে পাওয়া যায় – লৌকিক প্রেম, রাধা-কৃষ্ণের প্রেমলীলা ও আধ্যাত্মিকতা। ভব সংসারের যন্ত্রণা থেকে মুক্তি এবং আল্লাহ, দয়াল গুরু, মুর্শিদের চরণাশ্রয় কামনা করে এসব গান রচিত হয়েছে। অর্থাৎ ভাটিয়ালির ভাব ও সুরে ব্যক্তির খেদ ও আর্তি প্রকাশ পায়। নজরুলের লোক আঙ্গিকের ভাটিয়ালি গানেও তার প্রতিফলন দেখতে পাই। যেমন,

- আমি কূল ছেড়ে চলিলাম ভেসে ...
- ও কূল ভাঙা নদী রে।
  আমার চোখের জল এনেছি
  মিশাতে তোর নীরে ...।
- নদী এই মিনতি তোমার কাছো
  ভাসিয়ে নিয়ে যাও আমারে
  দে দেশে মোর বন্ধু আছে ॥
- বন্ধু দেখলে তোমায় বুকের মাঝে
  জোয়ার ভাটা খেলে ... ।

রাধা-কৃষ্ণের প্রেম-বিষয়ক অনেক ভাটিয়ালি গান আছে। রাধা-কৃষ্ণের প্রেমলীলায় নদী-নৌকা পারাপারের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। নজরুলের ভাটিয়ালি অঙ্গের গানেও রাধা কৃষ্ণের লীলার ভাব দর্শন স্থান পেয়েছে।

আমি কূল ছেড়ে চলিলাম ভেসে
বলিস্ ননদীরে, সই বলিস্ ননদীরে।
শ্রীকৃষ্ণ নামের তরণীতে প্রেম যমুনার তীরে ...।

বা,

---

[১৯] ড. ওয়াকিল আহমদ, 'বাংলা লোক সঙ্গীত : ভাটিয়ালি গান', জুন ১৯৯৭, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, পৃ. ২১।

Dhaka University Institutional Repository

বাঁশী বাজায় কে কদম তলায় ওগো ললিতে!

শুনে সরে না পা পথ চলিতে

তাঁর বাঁশীর ধ্বনি যেন ঝু'রে ঝু'রে।

ভাটিয়ালি গানের সুরের বৈশিষ্ট্য সম্বন্ধে বলতে গেলে বলা যায় ভাটিয়ালি গানে তারার সপ্তকে একটা টানা সুর থাকে এবং অনেকক্ষণ পর তা 'সোম'-এ এসে পড়ে 'শান্ত নদীর স্রোতের টানের সাথে এ গানের টানা সুরের মিল আছে। এর সাথে দুপুর অথবা অপরাহ্নের অলস মন্থর সময়ের নির্জনতা, মাঝির একাকীত্ব এবং দিগন্ত ছোঁয়া আকাশের বিস্তৃত যুক্ত হয়ে গানের টানা সুরকে অবাধ স্বাধীনতা দেয়। ভাটিয়ালির সব ভাবই গুর-গম্ভীর, বেদনার্ত, অতলাশ্রয়ী। সুর মুখ্যত করুণ, উদাসীন ও বিবাগী। ভাটিয়ালির সাংগীতিক কাঠামো (Melodic Structure) প্রসঙ্গে সংগীতশিল্পী ও গবেষক রীণা দত্তের বক্তব্য –

> 'যদিও লোক সংগীতের বেশিরভাগ ক্ষেত্রেই উড়ব জাতি বা পঞ্চ স্বরের প্রাধান্য কিন্তু ভাটিয়ালির ক্ষেত্রে সপ্ত স্বরের প্রয়োগ তাকে আরও মাধুর্যমণ্ডিত করে তুলেছে। একমাত্র কড়ি মধ্যম ছাড়া সমস্ত অঞ্চল ভেদে কোমল স্বরের ব্যবহারও ভাটিয়ালির মধ্যে লক্ষ্য করা যায়। বিশিষ্ট লোক সংগীতবিদ সংগীতাচার্য সুরেশচন্দ্র চক্রবর্তী পূর্ব বাংলার ভাটিয়ালিকে খাম্বাজ ঠাটের অন্তর্গত ঝিঝিট রাগিণীর অন্তর্ভুক্ত করেছেন। আরোহীতে 'সা রা মা পা ধা র্সা' এবং অবরোহীতে 'ণা ধা পা মা' পরে 'সা ণা ধা'। পূর্বাঙ্গে এই ধৈবতে বিরাম নেওয়ার জন্য ভাটিয়ালিকে তিনি কর্শৌলী ঝিঝিট বলে আখ্যা দিয়েছেন। ভাটিয়ালিতে শুধু স্থায়ী এবং অন্তরা থাকে। অবশ্য অঞ্চল ভেদে সঞ্চরীর ভাগও দেখতে পাওয়া যায়। এই সঞ্চারী আবার উদারার পঞ্চমে অনেক ক্ষেত্রে নেমে যেতে দেখা যায়।... এই উদারার পঞ্চমে সুরকে ছুঁয়ে আবার মুদারার দিকে গানের প্রতি ভাটিয়ালির সুরকে যেন আরও প্রাণবন্ত ও বৈচিত্র্যময় করে তোলে।'[২০]

ড. করুণাময় গোস্বামী ভাটিয়ালিকে একটি 'পদ্ধতি' বলে উল্লেখ করেন এবং এর সুর ও সাংগীতিক গঠন সম্পর্কে বলেন,

> 'ভাটিয়ালি সরল রৈখিক সুর। এর গঠনে স্বর থেকে স্বরান্তরে আরোহ বা অবরোহের কাজটি হয় মসৃণভাবে গড়িয়ে পড়ে, কোন অলংকারিক উপায়ে নয়। ফলে একটি অবিচ্ছেদ্য প্রবহমানবতার সুর পূর্বাঙ্গ থেকে উত্তরাঙ্গ এবং উত্তরাঙ্গ থেকে পূর্বাঙ্গে গড়িয়ে চলে। একে সমতল বাংলা প্রধান সুররীতি বলা চলে। বাণীর আবেদনকে তীব্রতর করে

---

[২০] রাণী দত্ত, 'ভাটিয়ালি গান', 'লোক সংস্কৃতি গবেষণা, ৭ম বর্ষ, ৪র্থ সংখ্যা, মাঘ-চৈত্র ১৪০১, কলিকাতা, পৃ. ৩৭১-৭২।

Dhaka University Institutional Repository

তুলতে এই রীতি সাহায্য করে। কথার অন্তর্গত স্বরধ্বনি সমূহকে টেনে নিয়ে বাণীর মর্মকে এই সুর নিঙড়ে বের করে নেয়। ... এই সরল রৈখিক মসৃণ প্রবাহমান সুর দিয়ে যখন গানের ঢঙটি তৈরি তখন তাতে লম্বা টান যুক্ত হয় গো, ওগো, রে, ওরে, হায়, হায়রে প্রভৃতি নানাবিধ সম্বোধনাত্মক উচ্চারণের সাহায্যে। এই লম্বা টান থাকাটা তাটিয়ালি গানের বৈশিষ্ট্য। তেমন লম্বা টান না থাকলেই যে ভাটিয়ালি হবে না, তা নয়।'[২১]

ভাটিয়ালি সুর নজরুলকে খুব বেশী নাড়া দিয়েছিল তার প্রমাণ পাই তাঁর প্রাতিটি পর্যায়ের গান পর্যবেক্ষণ করলে, 'ওরে ও দরিয়ার মাঝি মোরে নিয়ে যারে মদিনায় ...' বা 'উঠুক তুফান পাপ দরিয়ায়, আমি তায় ভয় করি পাক্কা ইমান একতা দিয়ে গড়া যে আমার তরী'। গান দুটির সুরে তিনি ব্যবহার করেছেন ভাটিয়ালি সুর আর কাব্যে সেটি ইসলামী গান। অথচ কি অসাধারণভাবে তিনি সেই বাণীতে নিয়ে এসেছেন লোকজ উপাদান – নদী, নৌকা, মাঝি, দরিয়া, দাঁড়, নাও, তরী, পাল, তীর প্রভৃতি। 'ওরে ও দরিয়ার মাঝি' গানটির মধ্যে তিনি আকুতি জানিয়েছেন মাঝির কাছে মদিনায় হজরতের দেশে যাওয়ার জন্য অথচ তিনি জানেন ঐ দেশে নদী নাই তাই কি আক্ষেপ করে তিনি বলেছেন,

'নদী নাকি নাই ও দেশে, নাও না চলে যদি
আমি চোখের সাঁতার পানি দিয়ে বইয়ে দেব নদী'।

কি অসাধারণ শব্দ চয়ন, বাক্য বিন্যাস আর সুরের মাধুর্যে গানটি যেন মূর্ত হয়ে উঠেছে। একইভাবে উঠুক তুফান পাপ দরিয়ায় গানটিতে কত সাবলীলভাবে লোকজ শব্দ ব্যবহার করে গানটিকে আরো জীবন্ত করে তুলেছেন,

'... লা-ইলাহা ইল্লালাহুর পাল তুলে
ঘোর তুফানকে জয় করে ভাই যাবই কূলে,
... খোদার রাহে সঁপে দেওয়া ডুববে না মোর তরী
সওদা করে ভীড়বে তীরে সওয়াব মানিক ভরি।
দাঁড় এ তরীর নামাজ, রোজা, হজ্ব ও যাকাত
উঠুক না মেঘ, আসুক বিপদ – যত বজ্রপাত ...'

---

[২১] ড. করুণাময় গোস্বামী, 'ভাটিয়ালি', গণকণ্ঠ (নববর্ষ বিশেষ সংখ্যা) ১লা বৈশাখ, ১৪০৩, পৃ. ১৫।

নজরুল তাঁর দেশাত্ববোধক গানগুলোতে যেমন বাউল, কীর্তনের সুর ব্যবহার করেছেন তেমনি কোথাও বা তিনি ভাটিয়ালি সুর বা টিউনটিকেও ব্যবহার করেছেন তেমনই একটি ভাটিয়ালি গান মিশ্র খাম্বাজে দাদরা তালে রচিত দেশের গান 'শ্যামলা বরণ বাংলা মায়ের রূপ দেখে যা আয়রে আয়'। গানটিতে অত্যন্ত সুন্দরভাবে দেশের প্রকৃতির সৌন্দর্য বর্ণনা করা হয়েছে। গানটিতে মোট ৬টি স্তবক আছে এর শেষ স্তবকটি,

'হরিৎ শস্যে লুটায় আঁচল ... ...
ভাটিয়ালি গায় ভাটির স্রোতে
গায় বাউল মাঠের মাঝে মা ... ...'

এখানে শেষ স্তবকের 'ভাটিয়ালি গান ভাটির স্রোতে' এই সুরের কাঠামোতে তিনি ভাটিয়ালির একটা পূর্ণভাব নিয়ে এসেছেন সুরে ও বাণীতে,

	+				০				+				০			
I	পা	ধা	র্সা	|	র্সা	র্সা	-া	I	র্রা	র্রা	-র্গা	|	র্রর্গর্রা	র্রর্সা	-া	I
	ভা	টি	য়া		লি	গা	য়		ভা	টি	র্		স্রো০০	তে০	০	

	+				০				+				০			
I	-া	-া	-া	|	-া	-া	-া	I	না	-র্সা	না	|	ধাঃ	-পঃ	পা	I
	০	০	০		০	০	০		গা	য়্	বা		উ	ল	মা	

	+				০			
I	পগা	-পা	পধা	|	ধনা	-া	না	I
	ঠে	র্	মা০		ঝে	০	মা	

ভাটিয়ালি সুরের কাঠামোতে দেখা যায় পা ধা র্সা সা রা গা ... স্বরের ব্যবহার আবার ভাটিয়ালি সুর বৈশিষ্ট্যের যে দীর্ঘ টান (র্সা র্রা গ স্বরের ব্যবহার) সেটাও আমরা দেখতে পাই নজরুল সাবলীলভাবে নিয়ে এসেছেন এই চরণটিতে। এই সুরবৈচিত্র্য গানটিতে আরেকটি মাত্রা যোগ করেছে।

আবার বেহাগ মিশ্র কাহারবা তালে রচিত আরেকটি অত্যন্ত জনপ্রিয় দেশাত্মবোধক গান 'একি অপরূপ রূপে মা ...' পুরো গানটির মধ্যে কোথায় যেন পল্লী সুরের আমেজ বিরাজমান, বিশেষ করে শেষ স্তবকে 'ভাটিয়ালি গান মাঝিদের সাথে গো ... ...' চরণটিতে সা রা গা স্বরে লম্বা টান তাতে ভাটিয়ালির আমেজ নিয়ে এসেছেন, পরক্ষণেই আবার কীর্তনের আমেজ নিয়ে এসেছেন 'কীর্তন শোন রাতে মা ...' চরণে। একমাত্র নজরুলের পক্ষেই সম্ভব হয়েছে একই গানে এমন বৈচিত্র্য সৃষ্টি করা। নিম্নে প্রাসঙ্গিক অংশের স্বরলিপি দেওয়া হলো :

	+				০				+				০		[র্সরা	
I	পা	পর্সা	সা	|	র্সা	র্সা	-া	I	সা	র্সরা	রা	|	-া	র্রা	র্রগা	I
	ভা	টি০	য়া		লি	গা	ও		মা	ঝি০	দে		র	সা	থে০	
	না	-া	-া		-া	-া	-া]									
I	র্সরা	-া	-া	|	-র্গা	-র্সরা	-া	I	-া	-র্গর্মা	-র্সরা	|	-র্সা	-া	র্রা	I
	গো	০	০		০	০০	০		০	০০	০০		০	০	০	
I	র্সরা	সা	-া	|	-র্রর্সা	-না	-া	I	-া	নর্সা	ধনা	|	-পা	-া	ধনা	I
	০০	০	০		০০	০	০		০	০০	০০		০	০	০০	
I	-পধা	-পা	-া	|	-া	-া	-া	I	পনা	-া	না	|	না	না	নর্সা	I
	০০	০	০		০	০	০		কী	র্	ত		ন	শো	ন০	
I	ধা	না	না	|	-া	-া	নর্সা	I	ধনা	-া	-া	|	-া	-া	-র্সা	I
	রা	তে	মা		০	০	০		০০	০	০		০	০	০	
I	-ধনা	-া	-ধনা	|	-র্সা	নর্সনা	ধা	I	পা^ধ	পা	-া	|	-া	-া	-া	I
	০০	০	০		০	০	০		০	০	০		০	০	০	

ভাটিয়ালি শ্রেণীর গানের মধ্যে শচীনদেব বর্মনের কণ্ঠে গীত, 'পদ্মার ঢেউ রে, মোর শূন্য হৃদয় ...' গানটির ঐতিহাসিক খ্যাতি অর্জন করেছে। এ ছাড়া সিরাজউদ্দৌলা নাটকে ব্যবহৃত, 'এ কূল ভাঙ্গে ও কূল গড়ে...' গানটিও অসামান্য জনপ্রিয়তা অর্জন করে। নজরুলের আরো কয়েকটি ভাটিয়ালি ঢং-এর গান,

১. 'আমার গহীন জলের নদী
আমি তোমার জলে রইলাম ভেসে জনম অবধি।'
বা

২. 'নাইতে এসে ভাটির স্রোতে
কলসী গেল ভেসে।'
বা

৩. 'কুচবরণ কন্যারে তোর মেঘ বরণ কেশ
ওরে আমায় নিয়ে যাও রে নদী
সেই কন্যার দেশেরে।'

চ. ঝাপান বা বেদে-বেদেনীর গান

বেদে-বেদেনীর গানকে ঝাপান বলা হয়। ঝাপান গানের বর্ণনা দিতে গিয়ে চিত্তরঞ্জন দেব তার 'বাংলার পল্লীগীতি' গ্রন্থে (পৃ. – ১০৮) উল্লেখ করেন,

> 'শ্রাবণ মাসের মাঝামাঝি থেকেই পশ্চিম বাংলার রাঢ় অঞ্চলে, বিশেষ করে কাটোয়া মোদিনীপুর অঞ্চলে দেখা যায়, বেদে বেদেনীর পূর্ববঙ্গের বেদে-বেদেনীদের মতোই সাপের ঝাপি মাথায় নিয়ে বাড়ি বাড়ি ঘুরে সাপখেলা দেখিয়ে বেড়ায় আর সঙ্গে সঙ্গে গায় গান। তাদের এই সব গানের অধিকাংশই পূর্ববঙ্গের বেদেদের মতো বেহুলা লখিন্দরের কাহিনী নিয়ে রচিত। পার্থক্যের মধ্যে পূর্ববঙ্গ জলের দেশ তাই বেদেরা এক বাড়ি থেকে আরেক বাড়ি, এ গাঁ ছেড়ে আরেক গাঁয়ে যাতায়াত করে নৌকার সাহায্যে, আর রাঢ় অঞ্চলের বেদে বেদেনীরা যাতায়াত করে পায়ে হেঁটে এক গাঁয়ে খেলা দেখিয়ে আরেক গাঁয়ের পানে ধাওয়া করে।'...

Dhaka University Institutional Repository

বেদেনীরা আস্তে আস্তে সাপের ঝাঁপি খুলে দেয়, আর ফোঁস করে তার ভিতর থেকে বের হয়ে আসে একটা ভীষণ আকৃতির সাপ। সাপের সামনে হাত নাড়িয়ে ... চিত্তাকর্ষক খেলা দেখাবার পরই তুবড়ী বাঁশি অথবা বিষম ঢাকী নামক বাদ্যযন্ত্রের সঙ্গে শুরু করে গান। এ গানও সেই সর্পদেবী মনসার সঙ্গে চাঁদ সওদাগরের বিবাদ নিয়েই রচিত – যা বাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত বিস্তৃতি লাভ করেছে।... বেহুলা লখিন্দরকে নিয়ে গান করে। ... এর সঙ্গে মানভূমে শ্রাবণ সংক্রান্তিতে যে মনসার গান হয় তার বেশ তুলনা করা চলে। ... সবচেয়ে ধুমধাম হয় এই মনসা পূজায়। এ দিনেও সারারাত জাগবার পালা আসে গৃহস্থলের কাছে। তারাও মা মনসাকে তৃপ্ত রাখবার জন্য সারারাত জেগে প্রহরে প্রহরে তাঁর কাছে হাঁস, পায়রা ইত্যাদি বলি দেয়। কখনো-বা সুর, তাল, লয় সংযোগে গান করে দেবীর সম্মুখে। এসব গানে লখিন্দরকে সাপে দংশন করা নিয়ে বেহুলার 'বিলাপ' মূলক গান গাওয়া হয়। বেহুলা মরা পতিদেহ নিয়ে ভেসে চলে এসব থাকে গানের বিষয়বস্তু। অবশ্য আধুনিক ঝাপান গায়করা শুধুমাত্র দেবী মাহাত্ম্য শুনিয়েই তাদের বক্তব্য শেষ করতে চায় না। আজ তাদের গানেও মানভূমের টুসু গানের মতোই রাজনৈতিক কথাও স্থান পেয়েছে। এসব গানের রচয়িতা সকলেই গাঁয়ের নিরক্ষর চাষী-বাসী মানুষ। তাই তাদের কাব্যে ব্যাকরণ দোষ থাকতে পারে, থাকতে পারে কবিত্ব শক্তির অভাব, কিন্তু তাদের বক্তব্য স্পষ্ট। তাই তাদের কথাও গণগাথা। নিরক্ষর, মূক জনসাধারণের তারাই হলো মুখপাত্র। এই বেদে-বেদেনীদের জীবন-যাত্রা প্রণালীও বিচিত্র ধরনের। নৌকাতেই এরা কাটায় বারোটা মাস। এরা জাতিতে না হিন্দু না মুসলমান। এদের দলে হিন্দু, মুসলমান, খ্রিস্টান সব জাতিরই লোক থাকে। তা হলেও মা মনসার উপর ভক্তি কিন্তু অসীম। অনেক নৌকার ভিতরই (বড় গোছের নৌকা হলে) মা মনসার মূর্তি থাকে। তার কাছে দৈনিক ধূপ-ধুনো দেওয়া হয়। মানত করে ভোগ দেয়। তাদের ঝাঁপিতে থাকে নানা জাতের সাপ, জাতি, কেউটে, চন্দ্রচূড়, দুধরাজ, লাউডগা, সিলিন্দে, কালনাগ ইত্যাদি এই সাপই তাদের দোসর, এই সাপই তাদের ব্যবসায়ের পুঁজি। তাই এরা সাপকে খুবই যত্ন করে। এরা সাপ খেলা দেখানোর জন্য একদেশ থেকে আরেক দেশে চলাফেরা করে অনেকগুলো নৌকা একত্রে। কোন গঞ্জে এসে ভিড়ে তাদের বহর, তারপর সেখান থেকে নিজেদের ছোট ছোট ডিঙ্গি নৌকা বা কোষ নৌকায় করে তারা বেরিয়ে পড়ে গাঁয়ের উদ্দেশ্যে। শ্রাবণ মাস বিশেষ করে পূর্ববঙ্গবাসীদের কাছে মা মনসার মাস, কাজেই এ সময় তাঁর কথা ও গানের খুবই মান্যি। এ কথা জানে বেদেনীরা, তাই তারা ধরে সেই চির পুরাতন অথচ চির নবীন 'বেহুলা লক্ষীন্দরের কথা' ....। নজরুলের ঝাপান গানেও পাই আমরা বেহুলা লখিন্দরের কথা –

Dhaka University Institutional Repository

'কলার মান্দাস্ বানিয়ে দাও গো, শ্বশুর সওদাগর।

ঐ মান্দাসে চড়ে যাবে বেহুলা লখিন্দর ॥

কবি বাণীচিত্র ও বিভিন্ন আলেখ্য প্রসঙ্গে কিছু ঝাপান গান রচনা করেছেন। ঝাপান শ্রেণীর গানে ঝুমুরের সুরের ছোঁয়া অনেক স্থানেই পাওয়া যায়।

'সাপুড়ে' বাণীচিত্রের জন্য তিনি বেশকিছু ঝাপান শ্রেণীর গান রচনা করেন। সংগীত পরিচালক রাইচাঁদ বড়াল সাপুড়ে চলচ্চিত্রের জন্য নজরুল সংগীত রচনা প্রসঙ্গে স্মৃতিচারণকরতে গিয়ে জানিয়েছেন,

'কাজীদার নিউ থিয়েটার্স নিয়ে এসেছিলেন দেবকীদা (দেবকীকুমার বসু)। বিদ্যাপতি ও সাপুড়ে কাহিনী ও গীত রচনা কাজীদাই করেছিলেন। বলা বাহুল্য, ঐ দুটি ছবিতে সংগীত পরিচালনার দায়িত্ব ছিল আমারই ওপর ন্যস্ত। বিদ্যাপতি ছবির কীর্তন ও ভক্তিমূলক গানে সুর করতে আমাকে মোটেই মাথা ঘামাতে হয়নি। কিন্তু গোল বাধলো সাপুড়ের বেলায়। বেদে-বেদেনীর গলায় গান। আমি ওদের জীবনযাত্রা বা সংগীতের সঙ্গে এতটুকু পরিচিত ছিলাম না। অগত্যা কাজীদাকে আমার সমস্যার কথা জানালাম। 'কাজীদা! আমি তো শহর ছেড়ে বাইরে যাইনি। আমার তো দারুণ অসুবিধা হচ্ছে।' 'ও নিয়ে তোমাকে ভাবতে হবে না। চলো দিন কয়েকের জন্য পাড়াগায়ে বেদে-বেদেনীদের ওখান থেকে ঘুরে আসি।' কিন্তু কাজীদা আমি যাই কি করে। দেখছেনইতো আমার হাতে কত কাজ। ঠিক এই মুহূর্তে আমার পক্ষে আপনার সঙ্গী হওয়া যে অসম্ভব ব্যাপার।' ঠিক আছে, তোমাকে যেতে হবে না। আমিই ঘুরে আসি। যদি সে রকম কাউকে পাই একেবারে ধরে নিয়ে হাজির করবো এখানে। কাজীদা চলে গেলেন। যাবার সময় বলে গেলেন দিন তিনেকের মধ্যেই ফিরে আসবেন। কিন্তু দেখতে দেখতে এক সপ্তাহ কেটে গেল। কাজীদার ফেরার নাম নেই। আমরা সবাই চিন্তিত, কারণ কাজ আটকে আছে। দিন দশেক পরে কাজীদার আবির্ভাব। 'পেয়েছি! পেয়ে গেছি' বলে বিকট চিৎকার করতে করতে কাজীদা এন.টি. স্টুডিওতে প্রবেশ করলেন। আমি বুঝলাম কাজীদার পেছন পেছন বেদে-বেদেনীর দল প্রবেশ করবে। কিন্তু না, কাজীদা একা। বললেন, 'সব সুর তুলে নিয়ে এসেছি। এই নাও শোনো।' ব্যাস, হারমোনিয়াম নিয়ে বসে গেলেন। একে একে সব সুর শোনালেন। সেই সব সুরই ছিল সাপুড়ে ছবিতে – যা অসম্ভব জনপ্রিয় হয়েছিল। হলুদ গাঁদার ফুল, কথা কইব না বৌ, আকাশে হেলান দিয়ে

Dhaka University Institutional Repository

– সব গানই ঐসব বেদে-বেদেনীর সুর থেকে চয়ন করা। সাপুড়ের গানের জনপ্রিয়তার পেছনে কাজীদার অবদানই সমধিক।'

১. সাপুড়িয়া রে,
বাজাও বাজাও সাপ খেলা মোর বাঁশী
বা

২. আয় লো বনের বেদেনী
বা

৩. খা খা খা
তোর বক্ষিলারে খা
তারি দিব্যি ফণাতে তোর ঠাকুরের পা।
বা

৪. কলার মান্দাস বানিয়ে দাও গো
শ্বশুর সওদাগর
ঐ মান্দাসে চড়ে যাব বেহুলা লখিন্দর।

ছ. কাজরী

ভারতের উত্তর প্রদেশে কাশী ও মির্জাপুর অঞ্চলে কাজলী দেবীর পূজাকে কেন্দ্র করে যে গান গাওয়া হয় তাকেই কাজলী বা কাজরী সংগীত বলা হয়। এ গান উত্তর প্রদেশের লোক সংগীত। ভাদ্র মাসের কৃষ্ণ তৃতীয়া তিথিতে কাজলী দেবীর পূজা অনুষ্ঠিত হয়। অর্থাৎ ভাদ্রের কৃষ্ণ তৃতীয়া হতে শ্রাবণের কৃষ্ণ তৃতীয়া পর্যন্ত চলে কাজরী গানের উৎসব। শ্রাবণের ভরা বাদরের নানা রূপ, বাদল মেঘের গুরু গর্জন, শ্রাবণের অবিরল ধারা বর্ষণ স্নিগ্ধ প্রকৃতির রূপ ইত্যাদি বর্ষার বহু বিচিত্র রূপের ছবি আঁকা হয় কাজরী শ্রেণীর গানে অর্থাৎ এই গানে বর্ষা ঋতুর বর্ণনা অধিক এবং বর্ষা ঋতুতেই এ গান গাওয়া হয়। কাজরী ক্ষুদ্র প্রকৃতির শৃঙ্গার বা আদিরস প্রধান নায়ক-নায়িকার উক্তি সম্বলিত লোক সংগীত। অর্থাৎ মূল গায়ককে কেন্দ্র করে দুহারী হিসাবে আরো অনেকে অনুসরণ করে। এই দিনে মহিলারা নববস্ত্রে সুসজ্জিতা হয়ে শৃঙ্গার রসাত্মক ভাষায় কাজলা দেবীর গান সারারাত্র ব্যাপী গেয়ে থাকে। উক্ত দিনে ভাই তথা ভ্রাতৃসমকে রাখি বাঁধা হয়। এই অনুষ্ঠানে হিন্দু-মুসলমান সবাই অংশগ্রহণ করে থাকে। নিজ নিজ আঞ্চলিক ভাষাতেও এই গান গাওয়া হয়।

নজরুল বেশ কিছু সংখ্যক কাজরী গান রচনা করেন। তার মধ্যে

'শাওন আসিল ফিরে, সে ফিরে এল না
বরষা ফুরায়ে গেল, আশা তবু গেল না।'

Dhaka University Institutional Repository

শুনলেই বোঝা যায় কাজরী শ্রেণীর গানের আবেদন কতটা প্রাণস্পর্শী। এছাড়া নজরুল রচিত আরো কিছু কাজরী,

১. কাজরী গাহিয়া এস গোপ ললনা
শ্রাবণ গগনে দোলে মেঘ দোলনা।

২. গগনে কৃষ্ণ মেঘ দোলে
কিশোর কৃষ্ণ দোলে বৃন্দাবনে।

৩. মোর ঘন ঘটা ছাইল গগন
ভুবন গভীর বিষাদ মগন।

৪. ঝুলন দোলায় দোলে নওল
কিশোর গিরিধারী হরষে
মৃদঙ্গ বাজে নভচারী মেঘে বারিধারা রুমঝুম বরষে
নাচে ময়ূর নাচে কুরঙ্গ, কাজরী গাহে বন বিহঙ্গ
যমুনা জলে বাজে জল তরঙ্গ, শ্যাম সুন্দর রূপ দরশে।

৫. ঝুলনের হিন্দোল দোলে, আনন্দ-কিশোর কোলে,
ইন্দ্র-কিশোরী দোলে, মহাভাবে বিহ্বলা, দোলে দোলে
ঝম্ ঝম্ ঝম্ করে বাদল মেঘ বাদল মেঘ বরণ ফুল
ঝরে ধরায় অঞ্জলি কেয়া-কদম্ব-বকুল।

৬. আজি এ বাদল দিনে কত কথা মনে পড়ে
হারাইয়া গেছে পিয়া এমন বাদল ঝড়ে ॥
আমারি এ বুকে থাকি'
ঘুমাত সে ভীরু পাখি
জলদ উঠিলে ডাকি' লুকাত বুকের 'পরে ॥

৭. এ ঘোর শ্রাবণ নিশি কাটে কেমনে
হয়ে রহি রহি সেই মুখ পড়িছে মনে ॥
বিজলিতে সেই আঁখি
চমকিছে থাকি থাকি
শিহরিত এমনি সে বাহু বাঁধনে ॥

Dhaka University Institutional Repository

নজরুলের কাজরী পর্যায়ের গানগুলো কাব্যরসের মাধুর্যে ভরা এবং অপূর্বভাবে বর্ষাকে বর্ণনা করেছেন। বর্ষার সাথে বিরহের যে একটা নিগূঢ় সম্পর্ক তা অত্যন্ত মর্মস্পর্শীভাবে ফুটিয়ে তুলেছেন। প্রিয়াকে না পাওয়ার যে বেদনা, যে আকুতি বরষ ফুরায়ে যাচ্ছে তবু পিয়াকে পাওয়া হোল না, আবার 'আজি এ বাদল দিনে কত কথা মনে পড়ে ...' বা এ ঘোর শ্রাবণ নিশি কাটে কেমনে হয়ে রহি রহি সেই মুখ পড়িছে মনে ...। 'তিলং' রাগে চার চার ছন্দের ত্রিতালে রচিত এই গানটি যেমন কাব্য মাধুর্যে ভরপুর তেমনি ছন্দেও একটা বৈচিত্র্যময় স্পন্দন পাওয়া যায়।

নজরুলের কাজরী গানগুলোর মধ্যেও শ্যাম বা কৃষ্ণের এবং প্রকৃতির যে শৃঙ্গরসভাব তার রূপ দেখা যায়। যেমন কাহারবা তালে রচিত –

এল শ্যামল কিশোর তমাল-ডালে বাঁধো ঝুলনা।
সুনীল শাড়ি পরো ব্রজনারী পরো নব নীপমালা অতুলনা ॥
ডাগর চোখে কাজল দিও
আকাশী রঙ পরো উত্তরীয়
নব-ঘন-শ্যামের বসিয়া বামে দুলে দুলে বলো বঁধু ভুলোনা ॥
... বাহুতে দোলনায় বাঁধিবে শ্যামরায় বলো
'হে শ্যাম, এ বাঁধন খুলো না ॥

বা,

গগনে কৃষ্ণ মেঘ দোলে কিশোর কৃষ্ণ দোলে বৃন্দাবনে
সিহর সৌদামিনী রাধিকা দোলে নবীন ঘন শ্যাম সনে।
দোলে রাধা শ্যাম ঝুলন দোলায় দোলে আজি শাওনে ॥

কাব্য মাধুর্যে ভরা নজরুলের আরো কিছু কাজরী –

রিম ঝিম রিম ঝিম বাজে কাজরী !
ঝুলন দোলায় দোলে নীলাম্বরী।
নাচে বনের ময়ূর বাজে কাঁকন কেয়ুর
ওঠে নূপুর ঝুমুর সুরে গুঞ্জরি' ॥

বা,

Dhaka University Institutional Repository

সখি বাঁধ লো বাঁধো লো ঝুলনিয়া।
নামিল মেঘলা মোর বাদরিয়া।
চল কদম তমাল তলে গাহি কাজরিয়া
চললো গৌরী শ্যামলিয়া ॥

জ. কীর্ত্তন

কীর্ত্তন হলো হিন্দু সম্প্রদায়ের এক প্রকার উচ্চ স্তরের ভজন সংগীত বা ধর্মীয় সংগীত যা বাঙালির জীবন ধারার সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত। সাধারণত রাধা-কৃষ্ণ বিষয়ক ভাবমূর্তি এ গানের মধ্যে ফুটে উঠে। বৈষ্ণব ধর্মের শ্রেষ্ঠ সাধন ও ভজন কীর্ত্তন অতি প্রাচীন সংগীত।

কীর্তনের আভিধানিক অর্থ হিন্দুদের রাধা-কৃষ্ণ লীলা বিষয়ক সংগীত। সংকীর্তন গুণ বর্ণনা, যশ বা মহিমা প্রচার। কীর্তন শব্দের সাধারণ অর্থ সংশব্দন, কথন, বচন, বর্ণনা, ঘোষণা। তবে কীর্তন শব্দটি একটি বিশেষ অর্থে ব্যবহার করা হয়। শ্রীমদ্ভাগবতে একটি শ্লোকে এই অর্থের ইঙ্গিত আছে :

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্‌বাসঃ কনকক পিশং বৈজয়ন্তীঞ্চ মালাম।
বন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈঃ
বৃন্দারণ্যং স্বপদরক্ষণং প্রাবিশদ্ গীতকীর্ত্তিঃ ॥
(শ্রীমদ্ভাগবতম্, ১০।২১।৫)

[সুন্দর দেহ, মাথায় ময়ূরপুচ্ছের ভূষণ, কানে কর্ণিকার ফুল। সোনার মতো উজ্জ্বল পীতবাস পরণে, গলায় বৈজয়ন্তীমালা (পরিয়া) অধরে ন্যস্ত বেণু বাজাইতে বাজাইতে (শ্রীকৃষ্ণ) নিজ লীলাভূমি বৃন্দাবনে প্রবেশ করিলেন। তখন গোপগণ চারিদিকে তাঁহার কীর্তি গান করিতেছিল।][২২]

কৃ ধাতুর অর্থ প্রশংসা। কীর্তি ও কীর্তন এই দুইটি শব্দই কৃৎ ধাতু থেকে এসেছে। রূপে শৌর্যে, জ্ঞানে ও কর্মে যিনি শ্রেষ্ঠ তাঁর নাম স্মরণ, গুণ বর্ণনা, যশোসূচক গানের নামই কীর্তন। ঈশ্বর সর্বশক্তিমান, পরম গুণান্বিত, তিনি পরমানন্দস্বরূপ, সকলের আশ্রয়, তাঁর মহিমা অনুত্তর। তাই ঈশ্বরের নাম গুণও যশোকথা আবৃত্তি ও গান কীর্তনের বিশেষ অর্থ।

[২২] হিতেম রঞ্জন সান্যাল; বাঙ্গলা কীর্তনের ইতিহাস, কে পি বাগচী অ্যান্ড কোম্পানী, কলকাতা, পৃ. ১৬।

এই গানের সঠিক জন্ম কবে হয়েছিল তা নিয়ে এখনও গবেষণা চলছে। অনেকের মতে, শ্রীচৈতন্যেদেবকেই কীর্তন গানের প্রবর্তক মনে করেন। তবে, এ নিয়ে মতপার্থক্য আছে। রবীন্দ্রনাথও বলেছেন, চৈতন্যের আবির্ভাব বাংলাদেশে বৈষ্ণব ধর্ম যে হিল্লোল তুলেছিল সে একটা শাস্ত্র ছাড়া ব্যাপার। যাতে মানুষের মুক্তি পাওয়া চিত্ত ভক্তিরসের আবেগে আত্মপ্রকাশ করতে ব্যাকুল হলো। সেই অবস্থার মানুষ কেবল স্থাবরভাবে ভোগ করে না, সচলভাবে সৃষ্টি করে। এই জন্য সেদিন কাব্যে ও সংগীতে বাঙালি আত্মপ্রকাশ করতে বসল। (সংগীতের মুক্তি)। তবে সর্বসাধারণের মতে, কীর্তন দ্বারা ভক্তি প্রচার করাই ছিল চৈতন্যদেবের লক্ষ্য। শ্রীচৈতন্য দেবের সময় থেকেই বাংলাদেশে বৈষ্ণব ধর্মের জোয়ার দেখা দিলো। এবং সাথে সাথে কীর্তন গানের প্রচার এবং প্রসারতা বাড়তে লাগলো। বিদ্যাপতি জ্ঞানদাস, চণ্ডীদাস, গোবিন্দ দাস প্রমুখ মহাজনের পদাবলী বাংলা সাহিত্যে একটি অমূল্য সংযোজন বলে পরিগণিত হলো। বৈষ্ণব লীলাতে রাধাকৃষ্ণের প্রেমলীলাই প্রধান উপজীব্য। রাধা কৃষ্ণের এই ঐশ্বরীক প্রেমলীলা নজরুলকেও উদ্দীপিত করেছে। কবিপুত্র কাজী অনিরুদ্ধ তাঁর 'নজরুল গীতি' প্রবন্ধে বলেছেন, 'বৈষ্ণব যারা তাঁরা রাধাকৃষ্ণের বাল্য লীলা প্রেমলীলা ও গোষ্ঠলীলার সুরচিত দর্শনের দুর্লভ সুযোগ লাভ করবেন নজরুলের রচনায়' (নজরুল স্মৃতি, পৃ. ১৫৭)। ধর্মের দিক থেকে তিনি অত্যন্ত উদার মানসিকতা সম্পন্ন ছিলেন বলেই নজরুলের পক্ষে ইসলাম ধর্মাবলম্বী হওয়া সত্ত্বেও সম্ভব হয়েছিল এত মর্মস্পর্শী কীর্তন রচনা করা। হিন্দু ধর্মসংগীত পর্যায়ের এই কীর্তন রচনা একদিকে যেমন বিপুল অপর দিকে তেমনি বৈচিত্র্যময়। অন্য কোন বাঙালি কবির রচনাকর্মে হিন্দু ধর্ম সম্পৃক্ত বিষয়ের এমন বহুমুখী প্রতিভা এ পর্যন্ত আর দেখা যায় নি।

কীর্তন গান যে বাঙালির জীবন ধারার সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত সেটা নজরুল নিজেও উপলব্ধি করেছিল। তাঁর দেশাত্মবোধক গানের পর্যায়ে 'একি অপরূপ রূপে মা তোমায় হেরিনু পল্লী জননী' গানটির শেষের স্তবকে আছে '... কীর্তন শোনো রাতে মা ...' এই স্থানের স্বরলিপি :

I	^পনা	-া	না	|	না	না	নর্সা	I	ধা	না	না	|	-া	-া	-নর্সা	I
	কী	র্	ত		ন	শো	ন০		রা	তে	মা		০	০	০০	
I	-ধনা	-া	-া	|	-া	-া	র্সা	I	-ধনা	-া	ধণা	|	-র্সা	-নর্সনা	-ধা	I
	০০	০	০		০	০	০		০০	০	০০		০	০০০	০	

I পধা -পা -া | -া -া -া I

০০ ০ ০ ০ ০ ০

বাংলাদেশের ষড়ঋতু বর্ণনামূলক এই অপূর্ব দেশাত্মবোধক গানটিতেও কি সুন্দর সাবলীলভাবে নিয়ে এসেছেন কীর্তন গানের কথা এবং গানের কথা নিয়ে এসেই খ্যান্ত হননি কীর্তনের সুরের পুরো আমেজটাই তিনি নিয়ে এসেছেন নির্দিষ্ট কয়েকটি লাইনে। এতেই বোঝা যায় নজরুল কতটাই একাত্ম হয়েছিলেন কীর্তন গানে।

নজরুলের কীর্তন গানগুলো ভাবের দিক থেকে যেমন সমৃদ্ধ তেমনি সুর লালিত্যেও অতুলনীয়। গীতিনাট্যেও তিনি কীর্তন ব্যবহার করেছেন। 'পণ্ডিত মশায়ের ব্যাঘ্র শিকার' গীতিনাট্যে কীর্তনটি –

ওহে রসিক রসাল কদলী
ভাবুকের তুমি ভাবের আধার ... ...

হাসির গানেও নজরুল কীর্তন রচনা করেছেন –

আমার হরি নামে রুচি
কারণ পরিণামে লুচি ... ...

বা আমি চাইনি হতে ভ্যাবা গঙ্গারাম
ও দাদা ও শ্যাম ... ...

বা কীর্তন গায় ছুচুন্দর
হুতুম প্যাচা বাজায় খোল ... ...।

পদাবলী কীর্তনের ঐতিহ্য অনুসারেও নজরুল যথেষ্ট সংখ্যক কীর্তন রচনা করেন। নজরুলের কয়েকটি উল্লেখযোগ্য কীর্তন নিম্নে প্রদত্ত হলো :

১. সখি আমি না হয় মান করেছিনু
তোরা তো সকলে ছিলি
ফিরে গেল হরি
কেন পায়ে ধরি ফিরাইলিনা তারে।

২. ওরে নীল যমুনার জল
বল রে মোরে বল
কোথায় ঘন শ্যাম
আমার কৃষ্ণঘন শ্যাম।

Dhaka University Institutional Repository

৩. এস নূপুর বাজাইয়া যমুনা নাচাইয়া
কৃষ্ণ কানাইয়া হরি।

৪. আমি কেন হেরিলাম ঘনশ্যাম

৫. একি অপরূপ রূপের কুমার

৬. ওলো বিশাখা ওলো ললিতে

৭. ফিরে আয় ভাই গোঠে কানাই

ঝ. হোলির গান

হোলি বা হরি'র আভিধানিক অর্থ হচ্ছে বসন্তোৎসব, দোল খেলা, দোল লীলা বা আবির খেলা। অর্থাৎ বসন্তকালে রং-এর আবির ছিটিয়ে দোল যাত্রা উপলক্ষ্যে যে আনন্দ উৎসব করা হয় সেই সময়কে কেন্দ্র করে কৃষ্ণের সাথে রং খেলার বিভিন্ন ঘটনা বা বিষয় নিয়ে রচিত হয় এই হোলি। দোলযাত্রা শ্রীকৃষ্ণ বিষয়ক পর্ব হলেও এ সম্পর্কে নির্দিষ্ট গান বাংলাদেশে খুব কম প্রচলিত। হোলি বা দোল-যাত্রা উপলক্ষে বাঙালি সমাজের ভিতর কীর্তন-সংকীর্তনে মাধ্যমে যে গান গাওয়া হয় তা শ্রীকৃষ্ণ বিষয়ক গান। তবে এর ব্যতিক্রমও দেখতে পাওয়া যায়। সাধারণত, বিশেষ করে শ্রীহট্ট, ত্রিপুরা, চট্টগ্রাম প্রভৃতি অঞ্চলে এ সম্পর্কে পৃথকভাবে কিছু গানের সন্ধান পাওয়া যায়। এ গানের সাথে ঢোলক এবং মন্দিরাই প্রধান বাদ্যযন্ত্র হিসাবে ব্যবহৃত হয়। এই গানের মধ্যে শ্রীকৃষ্ণ জীবনের বিভিন্ন ঘটনাবলীর বর্ণনা পাওয়া যায়।

এ প্রসঙ্গে দেবব্রত দত্ত সংগীত প্রভাকর তাঁর সংগীত তত্ত্ব প্রথম খণ্ড পৃ. ২৩৪এ বলেছেন,

> 'ধামার শৈলীর গানের অনুকরণে হোরী গান রচিত অর্থাৎ রাধা-কৃষ্ণ প্রেম-বিষয়ক ও বসন্তকালে হোলী উৎসবের রূপ বর্ণনামূলক ভাষা এই গানের প্রধান অঙ্গ। তবে ধামার গানের পরিবেশন পদ্ধতির সহিত এই গানের কোনই সংস্রব নাই এবং ভাষাও সংক্ষিপ্ত। ইহাতে দুইটি বিভাগ আছে। যেমন স্থায়ী ও অন্তরা। হোরী গানের গতি ও প্রকৃতি ধামার অপেক্ষা যথেষ্ট লঘু। এই গান সাধারণতঃ দীপচন্দী, ত্রিতাল, কার্ফা ইত্যাদি তালেই গীত হয়, অপরপক্ষে ধামার গান ধামার তাল ভিন্ন আর কোন তালেই গাওয়া হয় না এবং হোরি শৈলীর গানের চলনে শৃঙ্গার রসের প্রাধান্য যথেষ্ট পরিলক্ষিত হয় ও ঠুংরী চালের গানের সহিত বিশেষ মিল দেখা যায়। খেয়াল গায়কগণ অনেক ক্ষেত্রে ঠুংরী গানের পরিবর্তে হোরী গান পরিবেশন করিয়া থাকেন।'[২৩]

[২৩] দেবব্রত দত্ত, সঙ্গীত তত্ত্ব, ব্রত প্রকাশনী, কলিকাতা, পৃ. ২৩৪।

নজরুলের গানে এই হোলি বা হরি পর্যায়ের কিছু গান দেখতে পাই, যেখানে কবি হোলির রঙের আবিরে কৃষ্ণকে রাঙিয়ে দিয়েছেন বা দিতে চেয়েছেন তেমনই একটি গান,

আয় ওলো সই খেলবো খেলা
ফাগের ফাজিল পিচকিরীতে
আজ শ্যামে জোর করব ঘায়েল
হোরির সুরে গিট্‌কিরিতে ॥
বসন-ভূষণ ফেল্‌লো খুলে;
দে দোল্‌ দে দোল্‌ দোদুল দুলে
কর লালে লাল কালায় কালো
আবির হাসির টিট্‌কিরিতে।

এই গানটির বাণীতে দেখা যাচ্ছে কৃষ্ণকে রং দিয়ে কিভাবে রাঙিয়ে দিতে চেয়েছে কবি। আরো অনেক গানে একই বিষয় দেখতে পাই যেমন, ঝাঁপতালে (১০ মাত্রা) রচিত–

গগনে পবনে আজি ছড়িয়ে গেছে রঙ
নিখিল রাঙিল রঙে অপরূপ ঢঙ ॥

বা, কাহারবা তালে রচিত –

আনন্দ-দুলালী ব্রজ বালার সনে
নন্দ দুলাল খেলে হোলি!
রঙের মাতন লেগে যেন শ্যামল মেঘে
খেলেছে রাঙা বিজলি ॥

বা,

হোরির রঙ লাগে আজি গোপিনীর তনুমনে,
অনুরাগে-রাঙা গোরীর বিধু-বদনে ॥

ফাগের লালী আনিল কে,
কাজল-কালো চোখে
কামনা-আবির ঝরে রাঙা নয়নে ॥

বা,

হোরির মাতন লাগল আজি লাগলো রে

বন উপবন নিখিল ভুবন আবির রঙে রাঙল রে ॥

নজরুলের হরি পর্যায়ের গানে তিনি বেশ কিছু রাগের ব্যবহার করে গানগুলোকে আরো সুললিত করেছেন। তেমনি কিছু গান –

- খাম্বাজ-কাফি / কাহারবা

  আজি নন্দ দুলালের সাথে

  ঐ খেলে ব্রজনারী হোরী।

- কাফি-সিন্ধু / কাহারবা

  ব্রজগোপী খেলে হোরী

  খেলে আনন্দ নবঘন শ্যাম সাথে।

- পিলু-হরি

  শ্যামের সাথে চল সখি খেলি সবে হোরি।

- ধানী/ কাহারবা

  আয় গোপিনী খেলবি হোরি

  ফাগের রাঙা পিচকারীতে।

- ধানী / হোরি ঠেকা

  আজি দোল ফাগুনের দোল লেগেছে

  আমের বোলে দোলন-চাঁপায়।

ঞ. ছাদ পেটানো গান

পরিশ্রমীরা, পরিশ্রমকে সহনীয় বা লাঘব করার উদ্দেশ্যে সমবেত কণ্ঠে বা একক কণ্ঠে ছাদ পেটানোর গান গেয়ে থাকে। এই গান গেয়ে পরিশ্রমকে সহনীয় করে তোলে, দূর করে তাঁদের কাজের এক ঘেয়েমী ভাব। সারিবদ্ধভাবে বা কাছাকাছি এক জায়গায় অবস্থান করে এই গান গাওয়া হয়। একজন গানের একটি কলি গাওয়ার পর সাধাণত সঙ্গে সঙ্গে পুনরাবৃত্তি করে সকলে। সেই গানের সঙ্গে সঙ্গে ওঠানামা

Dhaka University Institutional Repository

করে হাতের পিট্‌নিগুলি। এখানে একটা বিষয় লক্ষ্যনীয় ছন্দের সাথে সুর সঙ্গতির – একই সঙ্গে তাল মিলিয়ে চলে তাদের হাতের কাজ। এখানে সুর ধরে রাখার জন্য কোন যন্ত্রের ব্যবস্থা থাকে না। হাতের পিটনির আঘাতের শব্দই তাদের যন্ত্রের কাজ করে। এই সঙ্গে সে গান চলে তার বিষয়বস্তু অধিকাংশই নর-নারীর চিরন্তন সম্পর্কজনিত এবং সংসারের যাবতীয় খুঁটি-নাটি বিষয়।

নজরুল প্রাচীন ছাদ-পেটানো গান অবলম্বনে ছাদ পেটানো গান সৃষ্টি করেছেন। যেমন,

সমবেত : সারাদিন পিটি কার দালানের ছাদ গো,
পাত ভরে ভাত পাইনা ধরে আসে হাত গো।
১ম : তোর ঘরে আজ কি রান্না হয়েছে
২য় : ছেলে দুটো ভাত পায়নি, পথ চেয়ে রয়েছে
৩য় : আমিও ভাত রাঁধিনি, দেখ্‌ না চুল বাঁধিনি
শাশুড়ি মান্ধাতার বুড়ি মন্দ কথা কয়েছে।
৪র্থ : আমার ননদ বড় দজ্জাল বজ্জাত গো।
সমবেত : সারাদিন পিটি ... ...

এই গানটি 'চৌরঙ্গী' বাণীচিত্রের কাজী নজরুল নিজেই এই গানের সুর করেছিলেন।

চ. চৈতী

বিহারের প্রধান লোক সংগীতগুলির মধ্যে অন্যতম গীতশৈলী এই চৈতী। চৈত্র মাসে এই উৎসব অনুষ্ঠিত হয় বলে এই গানকে চৈতী গান বলে। এটি মূলত শৃঙ্গার রসাত্মক হলেও বিরহ ব্যথার স্পর্শই উক্ত শৈলীর গানে সুস্পষ্ট। সাধারণভাবে রাম সীতার ব্যথাভরা বিরহাত্মক জীবন দর্শনই এই গানে প্রধান স্থান পেয়ে থাকে। চৈতী গান বিহার প্রদেশে বিশেষ লোকপ্রিয় এবং আদৃত। নজরুলের লোক সংগীতের বিশাল ভাণ্ডারে চৈতী পর্যায়ের কিছু গান পাওয়া যায়। যেমন – কাহারবা তালে রচিত –

প'রো প'রো চৈতালী সাঁঝে কুসুমী সাড়ি
আজি তোমার রূপের সাথে চাঁদের আড়ি
প'রো ললাটে কাঁচ পোকার টিপ
তুমি আলতা প'রো পায়ে হৃদি নিঙাড়ি ॥

কাব্য মাধুর্যে ভরা এই চৈতী গানটি অতুলনীয়।

Dhaka University Institutional Repository

কাহারবা তালে রচিত আরেকটি চৈতী –

মনের রঙ লেগেছে
বনের পলাশ জবা অশোকে
রঙের ঘোর জেগেছে পারুল কনক চাঁপার চোখে ॥

বা,

ওকে মুঠি মুঠি আবীর কাননে ছড়ায়
রাঙা হাসির পরাগ ফুল আননে ঝরায়।

ছ. গ্রাম্য সুর

এ ছাড়া আবদুল আজীজ-আল-আমান সম্পাদিত 'নজরুল-গীতি – অখণ্ড'-এ লোকগীতি অধ্যায়ে কিছু গানকে তিনি গ্রাম্য সুর হিসাবে চিহ্নিত করেছেন। সহজ ভাষায়, সুরে রচিত গ্রাম্যসুরকে কেন্দ্র করে নিম্নে তেমনি কতগুলো গান :

১. গাছের তলে ছায়া আছে, সোঁত নদীর জলে
সেই না সোঁতে এস বন্ধু বস তরু তলে।

২. ডাল মেল, পত্র মেল, ওরে তরুলতা!
কইতে পার, কইতে পার আমার প্রাণের বন্ধু গেল কোথা (রে) ॥

৩. নিশি পবন নিশি পবন ফুলের দেশে যাও
ফুলের বনে ঘুমায় কন্যা তাহারে জাগাও।

৪. নিশির নিশুতি যেন হিয়ার ভিতরে গো

৫. বন্ধু পথ চেয়ে আকাশের তারা
পৃথিবীর ফুল গনি ॥

৬. রাজার দুলাল! রাজপুত্র! বল গো আমায়
ভাঙো ভাঙো পাষাণ পুরীর সাত মহলার দ্বার ॥

৭. সখি নাম ধরে কে ডাকে দুয়ারে

৮. সাপের মণি বুকে ক'রে কেঁদে নিশি যায়।

Dhaka University Institutional Repository

চতুর্থ অধ্যায়

নজরুল রচিত লোক সংগীতের সুর ও বাণী বৈচিত্র্য এবং সুরের স্বাতন্ত্র্য

নজরুল সংগীতের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হচ্ছে বৈচিত্র্য। এই বৈচিত্র্যের ভাণ্ডারে লোক সুরের গান এক অমূল্য সম্পদ। এই বৈচিত্র্যতা নজরুল সংগীতের বাণীর বেলায় যেমন প্রযোজ্য সুরের বেলায়ও তেমনি প্রযোজ্য। লোক সুর ও লোক গান আমাদের সকল গানের ধাত্রী অর্থাৎ এটি আমাদের মাটির গান – এর সাথে আমাদের নাড়ির সম্পর্ক। নজরুল ছাড়া অন্য কোন বাঙালি সংগীত রচয়িতার বাণী এবং সুরে এমন বিস্ময়কর বৈচিত্র্যতা পাওয়া যায়নি। আমরা ওপার বাংলা আর এপার বাংলার গানগুলো পর্যালোচনা করলে দেখতে পাই কী অসামান্যভাবে নজরুল নিজেকে অতিক্রম করে গেছেন। একেবারে পৃথক একটি সাংগিতিক ও কাব্যিক জগত তিনি সৃষ্টি করেছেন। নজরুল প্রতিভার একটি বড় বৈশিষ্ট্য হলো, যে কোন পরিবেশে নতুন গান, নতুন সুর, নতুন বিষয়কে তিনি আত্মস্থ করতে পারতেন। শুধু আত্মস্থ করেই তিনি ক্ষান্ত হতেন না, তাঁকে তার প্রতিভার রঙে রাঙিয়েও দিতেন। এই ঐশ্বরিক ক্ষমতার জন্যই তিনি গানের যে কোন শাখাতেই অনায়াসে বিচরণ করতে সক্ষম হয়েছেন। নজরুল প্রতিভার অসামান্য পরিচয় ছড়িয়ে আছে বিভিন্ন পর্যায়ের লোকাঙ্গিক গানে। বাংলা লোক অঙ্গিকের গানও বৈচিত্র্যে পরিপূর্ণ এক ভাণ্ডার। নজরুল বৈচিত্র্যের প্রতিটি ধারাকেই যথাযথভাবে স্পর্শ করেছেন। ইতিপূর্বে ভাটিয়ালি, বাউল, কীর্তন, ঝুমুর অধ্যায়ে বিষয়গুলো আলোচনা করা হয়েছে।

ওপারের ঝুমুর গানকে তিনি তাঁর গানে নিয়ে এসে বাংলা কাব্য সংগীতের ধারায় পৃথক একটি প্রবাহ সংযুক্ত করেছেন। এই ঝুমুর অঙ্গের গানের ভিতরেও যে কত বৈচিত্র্যতা তিনি এনেছেন। ভাব বৈচিত্র্যের সাথে সাথে ভাষারও বৈচিত্র্যতা। এই বৈচিত্র্যের মাত্রাগুলো সূক্ষ্ম। সাধারণভাবে চোখে পড়তে চায় না। সাঁওতালীদের জীবনের খুটিনাটি বিষয়ও তিনি নিয়ে এসেছেন অত্যন্ত সুনিপুণভাবে। সাঁওতালীরা তাদের ভাষায় 'তুই' ব্যবহারটা অতি সাধারণভাবে ব্যবহার করে, নজরুল তাঁর গানে তার প্রতিফলন ঘটিয়েছেন,

১. 'ও দুখের বন্ধুরে ছেড়ে কোথায় গেলি
এক্‌লা ঘরে ফেলি।'
বা

Dhaka University Institutional Repository

২.	'বাঁকা ছুরির মত বেঁকে উঠল যে তোর আঁখি রে
বেদের দুলাল আমার সাথে
সাপ খেলবি নাকি বল।'

নজরুলের গানে এই সূক্ষ্ম সাধারণ ব্যাপারগুলোও যেন মূর্ত হয়ে ওঠে।

আবার 'ঝুমুর' গানের প্রাণ মাতানো আড় দোলাকে কত না ভাবে নজরুল তাঁর গানে ব্যবহার করেছেন। তাঁর,

'নাচের নেশার ঘোর লেগেছে
নয়ন পড়ে ঢুলে লো
বুনো ফুল পড়লো ঝরে নাচের ঘোরে
দোলন খোপা খুলে লো ...

গানটিতে দেখা যায় এখানে কয়লা খনিতে কাজ করা মানুষের জীবন কেমন জীবন্ত হয়ে ধরা দিয়েছে তাঁর গানের বাণীতে, সুরে, ছন্দে।

দাদরা তালে রচিত এই গানটির ছন্দে আছে এক অসাধারণ আড় দোলা, মাদকতা। স্বরলিপিতে দেখি গানটির শুরুটাই কত ছন্দময়। নাচের নেশার –

I	স রমাঃ	মপঃ	-া	|	পদপা	পমা	-া	I
	না০	চে০	র্		নে	শা	র্	

এই কাটা কাটা সূক্ষ্ম সুরের অলংকারটি গানটির রসকে আরো প্রগাঢ় করে। আবার দ্বিতীয় লাইনে '... নয়ন পড়ে ঢুলে লো' পুনরাবৃত্তির সময় –

									[জ্ঞা	-সঃ	-া]					
I	পদপা	মপমা	-া	|	জ্ঞমা	-জ্ঞা	সা	I	সা	সা	-া	|	-া	-া-	া	I
	না০০	য়০০	ন্		প০	০	ড়ে		ঢু	লে	০		০	০	০	

এভাবে গানটির যে ছন্দ তা সত্যিই মনোমুগ্ধকর, বৈচিত্র্যময় এবং স্বতন্ত্র।

শচীন দেব বর্মনের গাওয়া 'মেঘলা নিশি ভোরে মন যে কেমন করে' গানটির সুরের ঢংটিও অসাধারণ।

Dhaka University Institutional Repository

আবার তাঁর 'চোখ গেল চোখ গেল কেন ডাকিস রে ...' গানটিতে ঝুমুরের প্রচ্ছন্ন ঢংটি মিলে অসাধারণ সৌন্দর্য রচনা করেছে।

নজরুল লোক সংগীতের ঢং-এর গানগুলোর মধ্যে বিরাট একটা স্থান দখল করে রেখেছে ঝুমুর গানে। তাইতো তিনি এই ঝুমুর গানকে নানাভাবে উপস্থাপন করেছেন। নজরুল গবেষক রশিদুন নবী তাঁর 'লোকগীতির অঙ্গিকে নজরুল সংগীত' বিষয়ক একটি প্রবন্ধে লিখেছেন,

> 'বেদেনী, সাপুড়ে ও জিপসীদের নিয়ে রচিত গানের মধ্যে ঝুমুর গানের সুর বসিয়ে কবি প্রাচীন একটি লুপ্ত সম্পদকে গানের আসরে পুনরায় প্রতিষ্ঠিত করেছিলেন।'

আমরা জানি রাঢ় বাংলার অন্যতম লোক সংগীতই হচ্ছে এই ঝুমুর। শাল-পিয়াল-মহুয়া বনের অদিবাসীদের এই ঝুমুর গান কবির হৃদয়কে এমনভাবে আন্দোলিত করেছিলো যে, কবি তাঁর মধ্যে একাত্ম হয়ে গিয়েছিলেন। এবং এর প্রতিচ্ছবি আমরা দেখতে পাই তার রচিত ঝুমুর গানের বাণীতে। তিনি একাধিকবার ব্যবহার করেছেন মহুয়া বন, শাল পিয়াল বন, বইচ বন, ধুতুরা ফুল, কয়লা খাদ বা মাদল, বাঁশের বাঁশী, বেলয়ারী চুড়ি, খোপা, বৈঁচি মালা, পৈঁচি চুড়ি, কাঁকাল, নূড়ির মালা, ডুমুর গাছ, চোরাকাঁটা, শালুক ফুল, দোলন খোপা, পিয়াল পাতা প্রভৃতি নজরুলের ঝুমুর গান সাঁওতাল অধিবাসীদের যৌথ জীবন-যাত্রার ছন্দ, প্রেম-ভালবাসা-আশা-আকাঙ্ক্ষা, উৎসব প্রবণতা, দৈনন্দিন সকল ঘটনাই যেন ছবির মত স্পষ্ট হয়ে উঠেছে। ঝুমুর গানে ব্যবহৃত মাদল এক প্রকার বাদ্যযন্ত্র যা অপরিহার্যভাবে পাহাড়ী সাঁওতালীদের আনন্দ-উৎসবে ব্যবহৃত হয়। প্রত্যক্ষ জীবনের বাস্তবতার ছোঁয়ামিশ্রিত বিষয়বস্তুর ঝুমুরের বৈশিষ্ট্য। নজরুলের ঝুমুর গানে আদিবাসীদের জীবন ও সংস্কৃতির প্রভাব দেখা যায়। এইজন্য নজরুলের ঝুমুর গানগুলো খুবই জনপ্রিয় ও প্রাণস্পর্শী, একদিকে যেমন কাব্যমাধুর্যে ভরপুর, অন্যদিকে তেমনি সুর-লালিত্যে পরিপূর্ণ।

কাজী নজরুল ইসলাম রচিত কিছু দ্বৈত-কণ্ঠের ঝুমুর গানও রয়েছে। যেমন,

পুরুষ : কুনুর নদীর ধারে ঝুনুর ঝুনুর বাজে
বাজে লো ঘুঙুর কাহার পায়ে।

স্ত্রী : হাতে তল্‌তা বাঁশের বাঁশী
মুখে জংলা হাসি
সে ঐ বুনো গো
বেড়ায় আদুল গায়ে।

অথবা,

Dhaka University Institutional Repository

দ্বৈত : ঝুমুর নাচে ডুমুর গাছে
ঘুঙুর বেধে পায়ে লো
নাচব দু'জন মাদল, বাঁশি
নূপুর নিয়ে আয় লো।
স্ত্রী : আর জনমে চোর কাঁটা তুইছিলি রে
এ জনমে আঁচল ছিড়ে হৃদয়ে বিঁধিলি।
পুরুষ : চোরকাঁটা নয় দিলাম পানের খিলি গো
গয়না দিলাম গায় গো ॥

নজরুলের বিভিন্ন গান পর্যালোচনা করলে দেখা যায় নজরুলের মধ্যে দু'টি সংগীত সুরধারা এসে মিলিত হয়েছে। একটি রাগ সংগীতের ধারা এবং অন্যটি লোক সংগীতের ধারা। এবং লোক সংগীতকে জনপ্রিয় করার মূলে নজরুলের অবদান কোন ক্রমেই অস্বীকার করা যায় না। এ বিষয়ে সর্বপ্রথম বিশ্বকবি রবীন্দ্রনাথ উদ্যোগ নিলেও গান রচনা ও সুর সংযোজন করে ব্যাপকভাবে বাংলার আকাশে-বাতাসে তা ছড়িয়ে দিয়েছেন নজরুল। সেই সময় লোক সংগীতের খ্যাতিমান শিল্পী আব্বাসউদ্দীন লোক সংগীতের আঙ্গিকে গান রচনা করার ব্যাপারে নজরুলকে অনুপ্রাণিত করেন। এর ফলে নজরুল সংগীতের জনপ্রিয়তা বাহুলাংশে বৃদ্ধি পায়।

নজরুলের লোকসংগীতের মধ্যে ভাটিয়ালি আর ঝুমুরের সংখ্যাই বেশী। ভাটিয়ালি আর ঝুমুরকে তাঁর লোক সংগীতের ঝুলিতে পাশাপাশি স্থান দিয়ে তিনি বাংলার পূর্ব প্রান্তদেশ আর পশ্চিম প্রান্তকে একসূত্রে বেঁধেছেন। অর্থাৎ তিনি কোন নির্দিষ্ট ভূ-খণ্ড সীমারেখায় সীমাবদ্ধ থাকেনি বরং সমগ্র বাংলার সকল স্তরের মানুষকে তাঁর সহজ, সাবলীল সুর-তাল-ছন্দ-ভাষা দ্বারা সহজেই আকৃষ্ট করতে সক্ষম হয়েছে। ভাটিয়ালি পূর্ব-বঙ্গের জনপথের গান আর ঝুমুর বাংলা ও বিহারের সীমান্ত জেলাস্থিত সাঁওতাল অদিবাসীদের গান। দু'টি ধারার গানের সুরভঙ্গির মধ্যে প্রকাশের পার্থক্য, রসের পার্থক্য, তবে লোকগীতির বিশেষ আমেজ উভয়ে সমান পরিলক্ষিত। রবীন্দ্রনাথ, অতুলপ্রসাদ, মুকুন্দ দাস ও অন্যান্য সংগীত রচয়িতারা যেখানে বাউল, ভাটিয়ালি ও সারি গানের সুর ও ঢং ব্যবহারের ক্ষেত্রেই সীমাবদ্ধ থেকেছেন অর্থাৎ তাঁদের গানে বাউল, ভাটিয়ালি, সারি গানের প্রাতিফলন দেখা যায় যার সবই বাংলার প্রধান ভূমি অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর গান সেখানে নজরুল ওপার বাংলার ঝুমুর ও ঝাপানের ঢংটিকেও কাজে লাগিয়ে এক অনবদ্য বৈচিত্র্যতা স্থাপন করেছেন। অর্থাৎ ঝুমুরকে বাংলা লোক সংগীতানুগ কাব্য সংগীতের একটি বিশিষ্ট উপাদান হিসাবে প্রতিষ্ঠিত করেন।

Dhaka University Institutional Repository

নজরুলের লোক সংগীতের অঙ্গিকে রচিত নজরুলের গানের ভিতর দিয়ে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাংলা লোক সংগীতের প্রায় সমগ্রতাকে অনুভব করা যায়। বৈচিত্র্য যে নজরুলের সংগীত প্রতিভার অন্যতম প্রধান বৈশিষ্ট্য তা এই শ্রেণীর গানেও সম্যক উপলব্ধি করা যায়। তাঁর প্রতিটি গানই পৃথক রচনা প্রতিটি গানই স্বতন্ত্র এবং সংগীত কলার যাবতীয় রূপ নজরুল সংগীতে পরিস্ফুট হয়েছে।

লোক সংগীতের উল্লেখযোগ্য ধারার মধ্যে নজরুলের ভাটিয়ালি গান অন্যতম একটি অধ্যায়। নজরুলের ভাটিয়ালি ঢঙের বিখ্যাত গান, 'পদ্মার ঢেউরে মোর শূন্য হৃদয় পত্র নিয়ে যা...' যা ঐতিহাসিক খ্যাতি অর্জন করেছে। গানটিতে যেমন আছে ভাটিয়ালির ছোঁয়া তেমনি আধুনিকতার পরশ পাই। 'মোর পরাণ বঁধু নাই, পদ্মে তাই মধু নাই' অংশটুকু ফোক সুরের আওতায় পড়ে না, আধুনিকতার ছাপ পাই। আবার 'নাইরে' অংশটুকু পুরোপুরি ফোক টিউন। শচীনদেব বর্মনের কণ্ঠে গীত এই গানটি শ্রবণ মাত্রই সবার হৃদয়ে দোলা দিয়ে যায়। সহজ তালে সহজ সুরে সহজ ভাষায় এই গানটির আবেদন অবিস্মরণীয়। যার ফলে গানটি আরো বেশী মনমুগ্ধকর হয়ে হৃদয় আন্দোলিত করতে সক্ষম হয়েছে। পরবর্তীতে এই গানিটি বাংলাদেশের প্রখ্যাত নজরুল সংগীত শিল্পী ফেরদৌসী রহমান-এর কণ্ঠেও একদম জীবন্ত হয়ে ধরা দেয়। গানটির টানটা যখন দেয় তখন শরীরের প্রতিটি লোম শিহরিত হয়ে ওঠে। তাঁর সাথে সাক্ষাৎকারে জেনেছি, তখন অতি জনপ্রিয়তার কারণে গানটি উর্দুতেও অনুবাদ করা হয়েছিল সুরটিকে অপরিবর্তিত রেখে, 'পদ্মা কি মওজো...' এই গান আজও জনপ্রিয় চিরকাল এর অবদান অম্লান হয়ে থাকবে। নজরুলের বাউল গানের সংখ্যা সীমিত হলেও তা আপন বৈশিষ্ট্যে সমুজ্জ্বল। যেমন,

১. 'আমি ভাই ক্ষ্যাপা বাউল, আমার দেউল
আমারি এই আপন দেহ
আমার এ প্রাণের ঠাকুর, নহে সুদূর
অন্তরে মন্দির গেহ।'

বা,

২. 'পথ ভোলা কোন রাখাল ছেলে
সে একলা বাটে শূন্য মাঠে
খেলে বেড়ায় বাঁশি ফেলে'

Dhaka University Institutional Repository

আবার নজরুলের,

'আমি ডুরি ছেঁড়া ঘুড়ির মতন
চলছি উড়ে, প্রাণ সই
ছুটি উর্দ্ধশ্বাসে ঝড়-বাতাসে
পড়ব কোথায় কেমনে কই ॥'

এই বাউল গানটিতে জীবন-দর্শনের খুব সুন্দর একটি চিত্র ফুটে উঠেছে।

নজরুলের কাজরী গানগুলোর মধ্যে আছে প্রাণস্পর্শী আবেদন। বর্ষা প্রকৃতির মনোমুগ্ধকর বর্ণনা আর নানা রকম উপমা সমৃদ্ধ এই কাজরী গানগুলো প্রকৃতি ও মানব প্রেমের এক অপূর্ব রূপরেখা ধরা দিয়েছে নজরুলের গানে। তেমনি একটি কাজরী,

'কাজরী গাহিয়া চল গোপ ললনা
শ্রাবণ গগনে দোলে মেঘ-দোলনা ॥
পর সবুজ ঘাগরী চেলি নীল ওড়না
মাখো অধরে মধুর হাসি, চোখে ছলনা ॥
কদম চন্দ্রাহার প'রে এস চন্দ্রাবলী
তমাল শাখা বরণা এস বিশাখা শ্যামলী।
বাজায় করতাল দূরে তাল বনা ॥

বা,

গগনে কৃষ্ণ মেঘ দোলে কিশোর দোলে বৃন্দাবনে,
... পরি ধানী রং ঘাঘরী, মেঘ রং ওড়না
গাহে গান, দেয় দোল গোপীকা চল চরণা,
ময়ূর নাচে পেখম খুলি বন-ভবনে।
গুরু-গম্ভীর মেঘ-মৃদঙ্গ বাজে আঁধার অম্বর তলে।

কাজরী গানের এই কাব্য বিশ্লেষণ করে সহজেই বোঝা যায় কাজী নজরুল শুধু বিদ্রোহী কবিই না প্রেমেরও কবি। তাঁর বিভিন্ন পর্যায়ের গানে এই প্রেম ধরা দিয়েছে বিভিন্ন রূপে। কখনও ঈশ্বর প্রেম, স্বদেশ প্রেম,মানবীয় প্রেম, কখনও-বা রাধাকৃষ্ণের প্রেমলীলা দেখি তাঁর বাউল গান, কীর্তন, হোরি, কাজরী, চৈতীতে। কখনও প্রকৃতি প্রেমের পরশ সাজান অর্থাৎ জগৎ সম্পর্কে নানা বিচিত্র প্রেমের ধ্বনি তাঁর গানের কাব্যে-সুরে একাত্ম হয়ে আছে।

Dhaka University Institutional Repository

নজরুল সত্যিই সুরের যাদুকর। রাঢ় বাংলায় জন্ম নিয়েও এপার বাংলার ভাটিয়ালি বাউল গান যে তাঁর ভিতরে কতটা গভীরভাবে মিশে গিয়েছিল আরোকটি প্রমাণ পাই তাঁর লোকসুরের আমেজে ইসলামী গান রচনার দিকে দৃষ্টি দিলে। অপূর্ব বাণী-সুরের সমন্বয়ে লোকাঙ্গিক সুরের এই গানগুলো –

- ওরে ও দরিয়ার মাঝি
- কবর জিয়ারতে তুমি কে যাও মদিনায়
- পুবান হাওয়া পশ্চিমে যাও কাবার পথে বইয়া
- কারো ভরসা করিসনে তুই এক আল্লাহর ভরসা কর
- এই সুন্দর ফুল সুন্দর ফল – ইত্যাদি।

আমরা জানি নজরুল রাগসংগীতের প্রতি ছিল নজরুলের দুর্বার আকর্ষণ। তিনি এ নিয়ে অনেক গবেষণা, পরীক্ষা-নিরীক্ষা করে নব রাগও সৃষ্টি করেছেন। শুদ্ধ রাগ, মিশ্র রাগ, নিজস্ব রাগে রচিত তাঁর গানগুলো অতুলনীয়। এর প্রভাব আমরা তাঁর লোকাঙ্গিক গানের ক্ষেত্রেও দেখতে পাই। তাঁর কাজরী অঙ্গের গানে বিভিন্ন রাগের অনুপ্রবেশ দেখতে পাই বাউল গানে, কীর্তনে ও মিশ্ররাগ, কখনও বেহাগ, কখনও খাম্বাজ, লক্ষণীয় আবার তাঁর রচিত হোরী অঙ্গের গানে তিনি সিন্ধু, কাফি, পিলু ইত্যাদি রাগের প্রতিফলন দেখি। নজরুল সুরের এই রস বাংলা সংস্কৃতির একটি উল্লেখযোগ্য গৌরবময় সম্পদ। তিনি কখনও এক সুরের মধ্যে নিজেকে আবদ্ধ রাখেন নি। সুরবৈচিত্র্য এবং মাধুর্য আনার জন্য তিনি বার বার সুরান্তর করেছেন, তাল থেকে তালান্তরে, ছন্দ থেকে ছন্দান্তরে গমন করেছেন। এ প্রসঙ্গে করুণাময় গোস্বামী 'নজরুল গীতি প্রসঙ্গে' গ্রন্থে বলেছেন (পৃ. ৪১২),

> '... মিশ্ররাগের ব্যবহারেও এক ধরনের যৌগিক বৈচিত্র সম্পাদিত হয়েছে। কোন কোন ক্ষেত্রে গজলে ব্যবহৃত রাগ সুরের চলনের সঙ্গে নজরুল উত্তর প্রদেশ অঞ্চলের লোক সংগীতের ঢঙটিকে জুড়ে দিয়েছেন তাতে বৈচিত্র্যের নতুন একটি মাত্রা পাওয়া গেছে।'

তাই সুর বাণীবৈচিত্র্যের ক্ষেত্রে বাংলা সংগীতে নজরুলের কথাই সর্বাগ্রে আসে। এবং এর ফলে তিনি তৎকালীন বাংলা গানে প্রচলিত রবীন্দ্রপ্রভাব থেকে বেরিয়ে এসে একটি নতুন ও স্বতন্ত্র ধারা রচনা করতে সক্ষম হয়েছেন। নজরুলের লোক সুরের এই গানগুলির ভাবাদর্শ, কাব্যিক গুণাগুন, সুর মাধুর্য গায়কী স্বতন্ত্র সম্পূর্ণ একটা নতুন স্বতন্ত্র ধারা যা দ্বারা নজরুলের লোক সুরের গানগুলোকে আমরা আলাদা করে চিহ্নিত করতে পারি যাকে বলতে পারি নজরুলীয় ধারা। তা একবারেই স্বতন্ত্র একটি ধারা স্বতন্ত্র একটি রূপ।

Dhaka University Institutional Repository

সুরের প্রতি নজরুলের দক্ষতা ছিল অসাধারণ। তাই তাঁর গান রচনার পদ্ধতিও ছিল ভিন্ন প্রকার। সাধারণত একজন সাধারণ সংগীত রচয়িতা একটা বিশেষ ভাবকে কেন্দ্র করে একটা কাব্য রচনা করেন এবং সেই কথার উপর পরে সুর আরোপ করেন। অর্থাৎ আগে কাব্য তারপর সুর। নজরুলের ক্ষেত্রে আমরা তার ব্যতিক্রম দেখি। তিনি আগেই ভেবে নিতেন কি সুরে তিনি গান বাঁধবেন, তারপর সেই সুরের উপর ভাব অনুযায়ী কথার মালা সাজিয়ে দিতেন। অর্থাৎ সুরের কাঠামোটা আগে তৈরি করে নিতেন মজবুত করে তারপর বাণী। উদাহরণ স্বরূপ 'দোলন-চাঁপা' রাগে রাচিত 'দোলন চাঁপার বনে দোলে, দোল পূর্ণিমা রাতে চাঁদের সাথে ...'। এখানে লক্ষণীয় বিষয় দোলন চাঁপা (রাগের নাম) গানের প্রথম পংক্তিতেই রয়েছে অর্থাৎ গানটি কবি দোলন চাঁপা রাগের উপর ভিত্তি করে লিখলেন তিনি তা আগেই মনোস্থির করে নিয়েছেন। অনুরূপভাবে, নীলাম্বরী শাড়ী পরে নীল যমুনায় (নীলাম্বরী রাগ), বেণুকা ওকে বাজায় মহুয়া বনে (বেণুকা রাগ) ইত্যাদি অসংখ্য গানের বাণীতে তিনি রাগের নাম উল্লেখ করেছেন। অর্থাৎ সুর প্রথমে ঠিক করে বাণী বসিয়েছেন। এ কারণে তার গানে সুরের মর্যাদা বেশী। তাঁর সুর তাই বাণী নিরপেক্ষভাবেও মনকে আছন্ন করে সহজেই। এটাই তার সুরের মৌলিকতা। এই সুরের যথাযথ বাণীর প্রয়োগে।

গানগুলোর আবেদন আরো অন্তস্পর্শী হয়ে ওঠে। তার সুর সৃষ্টির বৈচিত্র্যময় বৈশিষ্ট্যগুলো উপলব্ধি করতে না পারলে তিনি যে কত উচ্চমানের সুরকার তা অনুধাবন করা যাবে না। সুর সঙ্গতি অর্থাৎ সুর ও বাণীর মিলন সৌকর্যেও তার গানগুলো রসোত্তীর্ণ। প্রতিটি গানই এই সুর সঙ্গতির মাধুর্যে ভরপুর। লোক আঙ্গিকের গানের ক্ষেত্রেও দেখি প্রচলিত লোক সুরের কাঠামোতে নতুন রং মিশিয়ে রচনা করেছেন নিজস্ব ঢংয়ের লোকাঙ্গিক গান। এই গানগুলোর মধ্যে তাই মিশে আছে নজরুলের নিজের প্রাত্যহিক জীবনের সুখ-দুঃখ, আনন্দ-বেদনার একটা অন্তর্চিত্র।

নজরুল বেশকিছু বাণীচিত্র, গীতিনাট্য ও নাটকের গান লিখে সুর প্রয়োগ করেছিলেন। নিম্নে কিছু গান উল্লেখ করছি :

শাল পিয়ালের বনে গীতিনাট্যের গান :

১. ও ঝুমরো তীর ধনুক নিয়ে বল না কোথায় যাস?

২. (ওরে) শোন ঝুমরো, শোন, তোর কাঁদবে যে মা-বোন

৩. কয়লা খাদে যাব না করবো ধানের পাট (দ্বৈত সংগীত)

৪. কুনুর নদীর ধারে –

Dhaka University Institutional Repository

৫. গিরি মাটির দেশে গো

৬. জংলা মায়ের জংলী খোকা-খুকী

৭. শাল পিয়ালের বনে গো পাহাড় তলীর কাছে

৮. শোন রে নূপুর পাহাড় তলীর মেয়ে

৯. হলুদ বরণ ফিঙে ফুলের কাছে

সাপুড়ে বাণীচিত্রের গান

১. আকাশে হেলান দিয়ে

২. কথা কইবে না বউ

৩. কালার মান্দাস বানিয়ে দাও গো

৪. পিছল পথে কুড়িয়ে পেলাম

৫. ফুল ফুটেছে কয়লা ফেলা

৬. ফুটফুটে ঐ চাঁদ হাসে

পাতালপুরী বাণীচিত্রের গান

১. এলো খোঁপায় পরিয়ে দে

২. ও কিশোরী মারিস না তুই

৩. তাল পুকুরে তুলছিল সে

৪. দুখের সাথী গেলি চলে

৫. ধীরে চল চরণ টলমল

মধুমালা নাটকের গান

১. ও বন পথ! ওরে নদী কোথায় রে তোর শেষ (মদন কুমারের গান)

২. ওগো বন্ধু! দাও সাড়া দাও (কাঞ্চনমালার গান)

৩. (ওরে ও) পদ্মা নদী বলতে পারিস কোথায় মধুমালা (মাঝিদের গান)

৪. কেউ বলতে পার কোথায় আমার মধুমালার দেশ (পরিচারিকাদের গন)

৫. তুমি এতদিনে মরণ টানে টানলে (কাঞ্চনমালার গান)

৬. (তোমার) চন্দন রঙ উত্তরীয় মেঘ ডমুর সাড়ি (মদনকুমার ও মধুমালার দ্বৈত গান)

৭. নিঝুমে নিদ্রা যায় (নৌ-সেনা মাঝির গান)

৮. ফুলের হাওয়া যারে ছুটে মধুমালার দেশ (ঘুমপরী স্বপন পরীর গান)

বনের বেদে গীতিনাট্যের গান

১. ওঠাও ডেরা, এবার দূরে যেতে হবে

২. ছন্নছাড়া বেদের দল, আয়রে আয়

চৌরঙ্গী বাণীচিত্রের গান :

১. সারা দিন পিটি কার দালানের ছাদ

নজরুল বেশ কিছু আধুনিক গানে প্রচলিত পদাবলীর সুরকে নিয়ে এসেছেন। এসব গানে আগা-গোড়া কীর্তনের সুর ব্যবহার হয়নি কিন্তু কোন কোন গানের অন্তরা বা স্থায়ী অংশে কীর্তনের সুর ব্যবহার করেছেন। যেমন : 'বসন্ত এলো এলো রে...' গানটির এই অংশে কীর্তনের সুর ব্যবহৃত হয়েছে : 'বেণুকার বনে বাঁশী বাজে, বনমালী এলো বনমাঝে, / নাচে তরু লতিকা যেন গোপ-গোপিকা রাঙা হয়ে রঙের বানে ॥' অথবা, 'তুমি হাত খানি যবে রাখ মোর হাতের পরে' গানটিতে 'যেন রাধা নাই আর বৃন্দাবনে গো সব গেছে মরে' অংশে কীর্তনের সুর ব্যবহৃত হয়েছে। অথবা, 'বাঁশী তার কোথায় বাজে' গানটিতে 'মোর অন্তর গো বাজে ... ... মোর মথুরায়' অংশে পদাবলীর সুর ব্যবহৃত হয়েছে। নজরুলের এরূপ অনেক আধুনিক গানে ভাটিয়ালি, কীর্তন, বাউল ইত্যাদির সুর মিশ্রণ করার ফলে গানগুলো হয়ে উঠেছে অধিকতর ব্যঞ্জনাময়।

Dhaka University Institutional Repository

পঞ্চম অধ্যায়

বাংলা সংগীতে নজরুলের লোক সুরের অবদান

বাংলার সংগীত ভাণ্ডার বিশাল এক ভাণ্ডার। অন্যান্য যে কোন প্রদেশের তুলনায় কাব্য সম্পদে সুরবৈচিত্র্যে বাংলার সংগীত আজও প্রতিদ্বন্দ্বী। বাংলার জারি, সারি, বাউল, ভাটিয়ালি, কীর্তন, গজল, গম্ভীরা, কবিগান, শ্যামা সংগীত, আগমনী সংগীত ইত্যাদি একান্তভাবে বাঙালির অন্তরের সম্পদ। বিশেষ করে বাংলার লোক সংগীত অত্যন্ত প্রাচীন সংগীত এ সংগীত আমাদের মাটির গান, আমাদের শিকড়ের গান। এই লোক সংগীতগুলো সাধারণত ছিল গ্রামকেন্দ্রিক। গ্রামের অশিক্ষিত বা অল্পশিক্ষিত নিম্নবিত্ত মানুষের পরিশ্রম লাঘবের বিনোদন বা সাধারণ খেটে খাওয়া মানুষের বিনোদনের একটা খোরাক ছিল এই লোক সংগীত। সে সময় সংগীতের ক্ষেত্রে উচ্চবিত্ত নিম্ন বিত্তের একটা স্পষ্ট সীমারেখা বিদ্যমান ছিল। বিত্তশালীরা গাইতেন বা শুনতেন এক শ্রেণীর গান যেমন মার্গ সংগীত, উচ্চাঙ্গ বা শাস্ত্রীয় সংগীত, বাঈজী সংগীত ইত্যাদি আর মুটে-মজুরেরা বা গ্রামের সাধারণ নিম্ন আয়ের লোকেরা শুনতো, গাইতো অন্য গান (পল্লী গান)। নজরুলের গান মালিক-মজুরদের এই ব্যবধানের বেড়াজাল ছিন্ন করে সর্বস্তরের মানুষের মনে স্থান করে নিয়েছিল। প্রাসাদ আর পর্ণকুটিরের ব্যবধানকে তিনি ঘুচিয়ে দিতে সক্ষম হয়েছেন এই সংগীতের মাধ্যমেই। বাংলা গানের সমৃদ্ধিতে নজরুলের উল্লেখযোগ্য অবদান হিসাবে তাঁর লোক সুরের গানগুলো দৃষ্টান্তমূলক। নজরুলের বাংলা গজল, বাংলা ইসলামী গান যেমন বাংলা সংগীতের ক্ষেত্রে একটা বৈপ্লাবিক পরিবর্তন সাধন করেছে লোক সুরের গানের ক্ষেত্রেও তার ব্যতিক্রম নয় এবং লোক সংগীতের জনপ্রিয় করার ক্ষেত্রেও তার অবদান অসীম। এক্ষেত্রে রবীন্দ্রনাথ সর্ব প্রথম উদ্যোগী হলেও রবীন্দ্রনাথের গানে, অতুল প্রসাদের গানে বাউল, ভাটিয়ালি ভাব-অঙ্গের মধ্যে সীমাবদ্ধতা পরিলক্ষিত, পক্ষান্তরে নজরুলের লোক সুরের ভাণ্ডার যথেষ্ট সমৃদ্ধ। তাঁর গানে আমরা বাংলা গানের পল্লী অঙ্গের সমস্ত ধারার গানের স্বাদই পাই ভাটিয়ালি, ভাওয়াইয়া, লেটোগান থেকে শুরু করে বাউল, কীর্তন, হোরি, কাজরী, চৈতি, ঝাপান, সাওতাল, ঝুমুর সব ধরনের গান পাই। তার সংগীতের বিষয়বস্তুর ব্যাপ্তি, বৈচিত্র্য এক বিস্ময়ের বিষয়। এ থেকে বোঝা যায় তাঁর সৃজনশীল প্রতিভা কোনও একটি গণ্ডির মধ্যে নিজেকে আবদ্ধ রাখেন নি। গতিশীলতাই ছিল তার ধর্ম। এ কারণে রবীন্দ্র পরিমণ্ডলে থেকেও তিনি জন মানসে নিজেকে স্বতন্ত্র সু-প্রতিষ্ঠিত করতে পেরেছিলেন।

Dhaka University Institutional Repository

আমরা দেখি, বাংলা লোক সংগীতের ধারার সাথে উত্তর ভারতীয় লোক সংগীতের ধারো দুটে সমানভাবে এসে মিশেছে নজরুলের গানে। বাংলা লোক সংগীতের ঝুমুর, সাওতালী, বাউল, রাম প্রসাদী, ভাটিয়ালি, ভাওয়াইয়া, কীর্তন, কাজরী ইত্যাদি উত্তর ভারতীয় লোক সংগীতের মধ্যে নাত, গীত, গজল, কাওয়ালী, হোরি, লাউনী, বিহারী প্রভৃতি সংগীতের সুর তিনি সমানভাবে বৈচিত্র্যময় পটভূমি নজরুলের দ্বারাই সৃষ্ট। এ প্রসঙ্গে আবদুল আজীজ-আল-আমান বলেন,

> '...এগুলি অনুকরণ নয়, স্বীকরণ এগুলি এখন নজরুল গীতির বিশেষ অঙ্গ হয়ে দাঁড়িয়েছে। আগে আমির ওমরাহ, জমিদর, জোতদার, অভিজাত ধনী সম্প্রদায় লোকগীতিকে অবজ্ঞা করে দূরে সরিয়ে রাখতেন – এগুলো যে গান এবং এর সুরগুলি যে মানুষকে হাসায়-কাঁদায়, তার চিত্তকে উদার করার ক্ষমতা রাখে এই ধারণা ও উপলব্ধি তাদের ছিল না। গজল গানের মত নজরুলই সর্বপ্রথম লোক গীতির ব্যাপক প্রচারের মাধ্যমে আশরাফ-আতরাফের ব্যবধান ভেঙে দিয়েছিলেন, ধনী-দরিদ্র সকলের কাছে লোক গীতি আপন মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে। এ বিষয়ে নজরুল আব্বাসউদ্দীনকে সাথী হিসাবে পেয়ে বলা যেতে পারে অসাধ্য সাধন করেছেন। বাংলা সংগীত ধারার ইতিহাসে লোকগীতি এখন একটি উল্লেখযোগ্য অধ্যায়।'

গানের সুর বৈচিত্র্যে তিনি আজও অপ্রতিদ্বন্দ্বী। নিজের এই প্রতিভা সম্বন্ধে তার সচেতন উক্তি –

